এ.এফ.সি’র সহায়িকা

# বিশেষ শিক্ষা

জুন 2016

AFC

Advocates for Children of New York

Protecting every child's right to learn

স্বত্বাধিকার © 2016 অ্যাডভোকেটস্ ফর চিলড্রেন অব নিউ ইয়র্ক, আই.এন.সি

# বিষয়সূচী

এই নির্দেশিকাটির উদ্দেশ্য হল নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীদের পিতামাতাদের বিশেষ শিক্ষা পদ্ধতির সঙ্গে পরিচয় করানো। এটি বিশেষ শিক্ষা পরিষেবাগুলি, প্রতিবন্ধী শিক্ষার্থীদের অধিকার এবং প্রতিবন্ধী সন্তানের মাতা-পিতা হিসাবে আপনার অধিকারগুলির একটি সংক্ষিপ্ত বিবরণ প্রদান করে। এই নির্দেশিকাটি মূলত কিন্ডারগার্টেন থেকে ১২শ শ্রেণী পর্যন্ত স্কুলে যাওয়ার বয়সী শিশুদের মাতা-পিতাদের উদ্দেশ্যে তৈরি করা হয়েছে। এর চেয়ে কম বয়সী শিশুদের বিশেষ শিক্ষা পরিষেবাগুলি সম্বন্ধে আরও তথ্যের জন্য অ্যাডভোকেটস ফর চিলড্রেন-এর গাইড টু আর্লি ইন্টারভেনশন এবং গাইড টু প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসেস দেখুন, এই দুটিই ইংরাজি এবং স্প্যানিশে http://www.advocatesforchildren.org/get_help/guides_and_resources এ উপলব্ধ।

• • •

## ভূমিকা


বিশেষ শিক্ষা কি? ........ 4


## ভাগ I: বিশেষ শিক্ষা কিভাবে কাজ করে ?


ধাপ এক: উল্লেখ ও সম্মতি ........ 6
ধাপ দুই: মূল্যায়ন ........ 8
মূল্যায়ন প্রক্রিয়া সম্পর্কে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী ........ 10
ধাপ তিন: আই.ই.পি উন্নয়ন ........ 12
একটি আই.ই.পি সভা প্রস্তুতির পরামর্শ ........ 15
ধাপ চার: প্লেসমেন্ট ও পরিষেবাগুলি ........ 16
প্লেসমেন্ট সময়সীমা ........ 17
প্লেসমেন্ট ও পরিষেবাগুলি সম্পর্কে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী ........ 19
একটি প্রস্তাবিত প্লেসমেন্ট বিবেচনার জন্য পরামর্শ ........ 20
আমার সন্তান কত দিন বিশেষ শিক্ষা পরিষেবা পাবে? ........ 22
নিউ ইয়র্ক সিটিতে বিশেষ শিক্ষা পরিষেবার ধারাবাহিকতা ........ 23
বিশেষ শিক্ষা সংস্কার ........ 26
পরিবহন ........ 28
প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য হাই স্কুল স্নাতক বিকল্পসমূহ ........ 29
উত্তরণের পরিষেবাসমূহ ........ 32

## ভাগ II: বিরোধের মীমাংসা

অনানুষ্ঠানিকভাবে বিরোধের মীমাংসা ....... 33
যথাযথ প্রক্রিয়ার অধিকার ....... 34
মধ্যস্থতা ....... 35
স্টেট-এর অভিযোগসমূহ ....... 35
নিরপেক্ষ শুনানি ....... 36
সিদ্ধান্ত নির্ণয়মূলক অধিবেশনসমূহ ....... 38
আইনগত প্রতিকারগুলি ....... 39
"ক্ষতিপূরণমূলক" অথবা "পূরক" পরিষেবাগুলি ....... 40
প্রাইভেট স্কুল ....... 41

## ভাগ III: অতিরিক্ত সংস্থানসমূহ

সাধারণ আদ্যক্ষরসমূহ ....... 43
নিউ ইয়র্ক সিটির পিতামাতাদের জন্য গুরুত্বপূর্ণ নথিপত্র ....... 44
প্রতিবন্ধী শিক্ষার্থীদের পরিবারের জন্য অন্যান্য দরকারি ওয়েবসাইট ....... 45
যোগাযোগ তথ্য: ফ্যামিলি ওয়েলকাম সেন্টার ....... 46
যোগাযোগ তথ্য: বিশেষ শিক্ষা কমিটির কার্যালয়গুলি ....... 47

এই সহায়িকাতে আইনগত উপদেশ নেই। এই সহায়িকায় এ.এফ.সি-এর মতামত না জানিয়ে চালু নীতি ও আইনগুলির সারাংশ করার চেষ্টা করা হয়েছে। আপনার আইনগত সমস্যা থাকলে অনুগ্রহ করে কোন এটর্নি অথবা আইনজীবির সাথে যোগাযোগ করুন।

# বিশেষ শিক্ষা কি?

অনেক মানুষ বিশেষ শিক্ষাকে আলাদা ক্লাস বা আলাদা স্কুল বলে মনে করেন, কিন্তু বিশেষ শিক্ষা প্রকৃতপক্ষে প্রতিবন্ধী শিশুর অনন্য চাহিদা পূরণের জন্য সহায়তা ও পরিষেবাগুলির সমন্বয় সহ বিশেষভাবে প্রস্তুত নির্দেশের ধারাবাহিক ক্রম। এই সহায়তা ও পরিষেবাগুলি একজন শিক্ষার্থীর **ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (আই.ই.পি)-তে নথিভূক্ত।** শিশুটির চাহিদার উপর নির্ভর করে, সাধারণ শিক্ষা ব্যবস্থাপনা, আলাদা বিশেষ শিক্ষা ক্লাসঘর, অথবা উভয় ব্যবস্থার সমন্বয়ে পরিষেবা প্রদান করা যেতে পারে (পরিষেবাগুলির ধারাবাহিক ক্রমের জন্য পৃষ্ঠা 23-25 দেখুন)।

বিশেষ শিক্ষা সংক্রান্ত ফেডেরাল আইনটিকে **ইন্ডিভিজুয়ালাস্ উইথ ডিজ্এবিলিটিজ্ এডুকেশন অ্যাক্ট (“আই.ডি.ই.এ”)** বলা হয়। আই.ডি.ই.এ প্রত্যেক শিক্ষার্থীর জন্য **বিনামূল্য যথাযথ সরকারী শিক্ষা (“এফ.এ.পি.ই”)** নিশ্চিত করে। নিউ ইয়র্ক স্টেট ও নিউ ইয়র্ক সিটির বিশেষ শিক্ষা সম্পর্কে আইন ও নীতি আছে। জোসে পি. নামক ফেডেরাল আদালতের একটি মামলা নিউ ইয়র্ক সিটিতে বসবাসকারী পিতামাতা ও শিশুদের কিছু অতিরিক্ত অধিকারও প্রদান করে।

## ন্যূনতম নিয়ন্ত্রণমূলক পরিবেশ

আইনটি অনুসারে প্রতিবন্ধকতা সহ প্রতিটি শিক্ষার্থীকে ন্যূনতম নিয়ন্ত্রণমূলক পরিবেশে **(“এল.আর.ই”)** শিক্ষা দিতে হবে, যার অর্থ একজন প্রতিবন্ধী শিশুকে যতখানি সম্ভব অ-প্রতিবন্ধী সাথীদের সঙ্গে শিক্ষা দিতে হবে। প্রতিবন্ধকতা সহ কোন শিক্ষার্থী অতিরিক্ত শিক্ষাগত বা আচরণগত সহায়তা পাওয়ার অধিকারী যা শিক্ষার্থীকে ন্যূনতম নিয়ন্ত্রণমূলক পরিবেশে উন্নতি করতে দেবে।



একমাত্র যখন সাধারণ শিক্ষা ব্যবস্থাপনায় একজন প্রতিবন্ধী ছাত্রের প্রতিবন্ধকতা এতটাই মারাত্মক যে এমনকি সহকারী ও সেবা সাহায্য সত্ত্বেও সে উন্নতি করতে পারছে না, তখন তাকে সাধারণ শিক্ষা পরিবেশ থেকে স্থানান্তরিত করতে হবে। যেহেতু একটি শিশুর অনন্য চাহিদা পূরণ করার জন্য বিশেষ শিক্ষা প্রস্তুত করা হয়েছে, এটি অনেক রূপে আসতে পারে এবং অনেক স্থানে ঘটতে পারে। ক্লাসঘর, বাড়ি, এবং হসপিটাল ও প্রতিষ্ঠানসমূহে নির্দেশ বিশেষ শিক্ষার অন্তর্ভুক্ত।

# বিশেষ শিক্ষার মধ্যে থাকতে পারে:

- **সহায়তাকারী প্রযুক্তি (এ.টি)**-এর অন্তর্ভুক্ত সেইসব উপকরণ, ডিভাইস, ও পরিষেবাগুলি যা প্রতিবন্ধী শিক্ষার্থীদের স্কুলে অংশগ্রহণ করতে সাহায্য করে। পিতামাতা, পেশাদার, ও শিক্ষার্থীদের জন্য কোন ডিভাইস কিভাবে ব্যবহার করতে হবে তার প্রশিক্ষণও সহায়তাকারী প্রযুক্তির মধ্যে থাকতে পারে। আরও তথ্যের জন্য আপনি এ.এফ.সি'র সহায়তাকারী প্রযুক্তি সহায়িকা দেখতে পারেন এখানে http://www.advocatesforchildren.org/get_help/guides_and_resources "প্রতিবন্ধী শিক্ষার্থী"-র নিচে।

- **সংশ্লিষ্ট পরিষেবা।** গ্রুপ অথবা ব্যক্তিগত বাক্ ও ভাষা চিকিৎসা, পেশাগত চিকিৎসা (ও.টি), শারীরিক চিকিৎসা (পি.টি), কাউন্সেলিং, শ্রবণ ও দৃষ্টি সংক্রান্ত পরিষেবা, স্থিতিবিন্যাস ও গতিশীলতা পরিষেবা, এবং স্কুল স্বাস্থ্য পরিষেবাগুলি এগুলির অন্তর্গত।

- **সম্পূরক উপকরণ ও পরিষেবা।** বিশেষ শিক্ষা শিক্ষক সহায়তা পরিষেবা **(এস.ই.টি.এস.এস)** এই পরিষেবাগুলির অন্তর্ভুক্ত হতে পারে, আগে এটি রিসোর্স রুম হিসাবে পরিচিত ছিল, কনসাল্টেন্ট শিক্ষক পরিষেবা (শিক্ষক সহায়তা), এবং এক-প্রতি-এক আধাপেশাদার, যাঁরা শিক্ষক সহায়কের অনুরূপ।

- **পরীক্ষা ব্যবস্থা।** অনেকগুলি সম্ভাব্য ব্যবস্থা আছে, কিন্তু কিছু সাধারণের মধ্যে হল পরীক্ষার জন্য অতিরিক্ত সময় পাওয়া, উচ্চঃস্বরে প্রশ্ন পাঠ হিসাবে পাওয়া, আলাদা অবস্থানে পরীক্ষা, এবং পরীক্ষায় ক্যালকুলেটর ব্যবহার করা।

- **স্থানান্তরণ পরিষেবা।** শিক্ষার্থীদের হাই স্কুলের পর জীবনের প্রস্তুতির জন্য এই স্থানান্তরণ পরিষেবা রয়েছে, এবং একজন শিক্ষার্থীর বয়স 15 বছর হয়ে গেলে এটি অবশ্যই একজন শিক্ষার্থীর আই.ই.পি-তে অন্তর্ভুক্ত হবে। নির্দেশ, সংশ্লিষ্ট পরিষেবা, কম্যুনিটি অভিজ্ঞতা, নিয়োগ অথবা প্রাপ্তবয়স্কদের অন্যান্য জীবন দক্ষতা, দৈনিক জীবন দক্ষতা অর্জন, এবং কারিগরী মূল্যায়ন এই পরিষেবাগুলির অন্তর্ভুক্ত হতে পারে। পৃষ্ঠা 32 দেখুন।

- **সংশোধিত উত্তরণ এবং বিকল্প মূল্যায়ন**: সংশোধিত উত্তরণ প্রাপ্ত শিক্ষার্থীরা আই.ই.পি দল নির্ধারিত অনুসারে উত্তরণের জন্য গ্রেড স্তরের শিক্ষণ মানের থেকে শতকরা নিম্নতর স্থানে থাকবে। **দ্রষ্টব্য:** হাই স্কুলের জন্য কোন সংশোধিত উত্তরণ মানদণ্ড নেই, তাই ডিপ্লোমা পাবার জন্য শিক্ষার্থীদের প্রয়োজনীয় ক্লাস পাশ করতেই হবে। বিকল্প মূল্যায়ন সহ শিক্ষার্থীদের আই.ই.পি-তে নির্দেশিত থাকে তারা প্রমিত উত্তরণমূলক মানদণ্ড থেকে ছাড় পাচ্ছে এবং স্থানীয় গ্র্যাজুয়েট হবে না অথবা রিজেন্টস্ ডিপ্লোমা পাবে না। পৃষ্ঠা 29-31.

# ভাগ I: বিশেষ শিক্ষা কিভাবে কাজ করে ?

নিউ ইয়র্ক সিটিতে কোন শিশুর বিশেষ শিক্ষা পরিষেবা পাবার জন্য ডিপার্টমেন্ট অব এডুকেশন (ডি.ও.ই)-কে অবশ্যই চারটি ধাপের মধ্যে দিয়ে যেতে হবে: (1) উল্লেখ ও সম্মতি (2) মূল্যায়ন (3) আই.ই.পি উন্নয়ন (4) প্লেসমেন্ট ও পরিষেবাগুলি

## ধাপ এক: উল্লেখ ও সম্মতি

### কে একজন শিক্ষার্থীকে বিশেষ শিক্ষা পরিষেবার জন্য উল্লেখ করতে পারেন?

শুধুমাত্র কোন পিতামাতা/ আইনগত অভিভাবক অথবা স্কুল ডিস্ট্রিক্টের পদাধিকারী (সাধারণত প্রিন্সিপ্যাল অথবা অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল, অথবা সি.এস.ই চেয়ারপার্সন) একটি শিশুকে বিশেষ শিক্ষা পরিষেবার জন্য *উল্লেখ* করতে পারেন। অবশ্য, স্কুল নির্বাচিত ব্যক্তিবিশেষ, কোন লাইসেন্স প্রাপ্ত চিকিৎসক, বিচারক, নির্দিষ্ট সরকারী অফিসাররা, এবং শিক্ষার্থীটি, সে যদি 18 বছরের বেশি অথবা বন্ধনমুক্ত হয়, *অনুরোধ* করতে পারে যে কোন শিক্ষার্থীকে বিশেষ শিক্ষা পরিষেবার জন্য প্রাথমিক মূল্যায়নের জন্য উল্লেখ করা যেতে পারে। তখন স্কুল সেই সুপারিশ নিয়ে এগোতে পারে, এবং পিতামাতাকে অবশ্যই অনুরোধটি সম্পর্কে অবগত করবে।

**বিজ্ঞপ্তি:**
বিশেষ শিক্ষার জন্য কোন শিক্ষার্থীকে সুপারিশ করার আগে, স্কুলকে প্রথমে টিউটরিং বা কাউন্সেলিং-এর মত ঝুঁকি-প্রবণ পরিষেবা দেবার কথা বিবেচনা করতে হবে (ইন্টারভেনশন প্রত্যুত্তর পরিষেবা অথবা "আর.টি.আই")। পিতামাতারা এই পরিষেবাগুলির জন্য স্কুলেও অনুরোধ করতে পারেন। অবশ্য কোন পিতামাতা যদি মনে করেন একটি শিশুর বিশেষ শিক্ষা সহায়তা প্রয়োজন, তাঁদের সুপারিশ-পূর্ব ইন্টারভেনশনের জন্য অপেক্ষা করতে হয় না, এবং সত্বর মূল্যায়ন চাওয়ার অধিকার থাকে।

### কেন আমি আমার সন্তানের মূল্যায়ন চাইতে পারি?

যদি তার স্কুল কার্যদক্ষতা খারাপ হয়, নিয়মিত, দীর্ঘকালীন আচরণগত সমস্যা, অথবা চিকিৎসাগত বা মানসিক স্বাস্থ্য পরিস্থিতির সমস্যা নির্ণয় হয় তাহলে আপনি আপনার সন্তানের মূল্যায়ন চাইতে পারেন। **"চাইল্ড ফাইন্ড"** বলে পরিচিত আইনের একটি অংশের অধীনে কোন শিশুর প্রতিবন্ধকতা আছে বলে সন্দেহ হলে ডি.ও.ই অবশ্যই শিশুটিকে মূল্যায়নের জন্য সুপারিশ করতে পারে।

## কোন শিশুকে কখন সুপারিশ করা যেতে পারে?

কোন শিশুকে মূল্যায়নের জন্য তার 21 বছর বয়সের সময় পর্যন্ত অথবা সে স্থানীয় হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট না হওয়া অথবা রিজেন্টস্ ডিপ্লোমা না পাওয়া পর্যন্ত যে কোন সময় মূল্যায়নের জন্য সুপারিশ করা যেতে পারে।

## আমি আমার সন্তানকে বিশেষ শিক্ষার জন্য উল্লেখ করব কিভাবে?

আপনি যদি আপনার সন্তানের হয়ে প্রথমবার সুপারিশ করেন ("প্রারম্ভিক"), **আপনার সন্তানের স্কুলের আই.ই.পি দলের কাছে লিখিতভাবে** সুপারিশ পাঠান। আপনার সন্তান কোন চার্টার অথবা প্রাইভেট স্কুল, বাড়ি/হাসপাতাল নির্দেশাধীন থাকলে, অথবা কোন সরকারী স্কুলে না পড়লে, আপনার সি.এস.ই. চেয়ারপার্সনের কাছে (সি.এস.ই.-র তালিকার জন্য পৃষ্ঠা 42 দেখুন) এবং আপনার সন্তানের স্কুলে লিখিতভাবে সুপারিশ করুন। **চিঠির একটি কপি** আর ডি.ও.ই.-র প্রাপ্তি সংক্রান্ত প্রমাণ **সংরক্ষণ** করে রাখুন — চিঠিটি **ফ্যাক্স করে** এবং ফ্যাক্স নিশ্চিত পত্র সংরক্ষণ করে, চিঠিটি হাত মারফৎ স্কুলে পৌঁছে দিয়ে এবং **প্রাপ্ত হিসাবে স্ট্যাম্প** করা একটি কপি রেখে, অথবা **প্রত্যয়িত ডাকযোগে, ফিরতি প্রাপ্তিস্বীকার** অনুরোধ করে আপনি এই কাজ করতে পারেন।

## মূল্যায়নে সম্মতি দানের অর্থ কি পরিষেবায় সম্মতি দান?

মূল্যায়নে রাজি হওয়ার অর্থ পরিষেবায় রাজি হওয়া নয়। **প্রারম্ভিক মূল্যায়ন** সম্পূর্ণ হয়ে যাবার পরে আপনি পরিষেবায় সম্মতি দান না করার সিদ্ধান্তও নিতে পারেন। অবশ্য, এটি যদি **পুনর্মূল্যায়ন** হয়, ডি.ও.ই আপনার সম্মতি ছাড়াও আপনার সন্তানের কর্মসূচি বা প্লেসমেন্ট পরিবর্তন করতে চাইতে পারে। আপনি যদি মনে করেন আপনার সন্তানের এখনও বিশেষ শিক্ষা সহায়তা প্রয়োজন, ঐরূপ পরিবর্তন রোধ করতে আপনাকে একটি নতুন আই.ই.পি সভা, মধ্যস্থতা, অথবা নিরপেক্ষ শুনানির আবেদন করতে হতে পারে। আপনার সন্তানকে বিশেষ শিক্ষা থেকে সম্পূর্ণরূপে সরিয়ে নেওয়ার অধিকারও আপনার আছে। আরও তথ্যের জন্য পৃষ্ঠা 21 দেখুন।

## অবগত সম্মতি কি?

একবার সুপারিশ করা হলে, আইন অনুযায়ী মূল্যায়ন শুরু করার আগে স্কুল ডিস্ট্রিক্টকে অবশ্যই আপনার **অবগত সম্মতি** গ্রহণ করতে হবে। অবগত সম্মতির অর্থ হল ডি.ও.ই আপনার পছন্দের ভাষায়, সংশ্লিষ্ট সকল তথ্য ও অধিকারগুলি সম্পর্কে আপনাকে সম্পূর্ণ ভাবে জানিয়েছে। আপনার অনুমতি অবশ্যই ঐচ্ছিক হবে এবং লিখিত থাকবে, এবং মূল্যায়ন শুরুর আগে যেকোন সময় প্রত্যাহার করে নেওয়া যাবে। ডি.ও.ই লিখিত সম্মতি পাওয়ার পরে মূল্যায়ন প্রক্রিয়া শুরু হয়।

### সুপারিশ সংক্রান্ত পরামর্শ

আপনার সন্তানের স্কুলে প্রেরিত বা সেখান থেকে প্রাপ্ত কোন নথির কপি সহ সবসময় নিশ্চিতভাবে ডি.ও.ই-র সাথে যেকোন যোগাযোগের কপি রাখুন। প্রাপ্তিস্বীকারের প্রমাণও রাখুন। ফ্যাক্স নিশ্চিত পত্র, সামনাসামনি দেওয়া কাগজের তারিখ-স্ট্যাম্পকৃত কপি, অথবা ডাকপ্রেরিত চিঠির অনুরোধকৃত ফিরতি প্রাপ্তিস্বীকার রাখুন।

# ধাপ দুই: মূল্যায়ন

**একটি শিশুকে অবশ্যই প্রতিবন্ধকতার সন্দেহযুক্ত সমস্ত ক্ষেত্রে মূল্যায়িত করতে হবে। চাইল্ড ফাইন্ড** নামক একটি আইনগত প্রয়োজনীয়তার অধীনে, স্কুল ডিস্ট্রিক্টগুলিকে অবশ্যই, যেকোন সময়, পরিষেবার প্রয়োজন আছে এমন সকল শিশুকে শনাক্ত করতে হবে, এমনকি যদি পূর্বে তারা প্রতিবন্ধকতা আছে বলে শনাক্ত নাও হয়ে থাকে। আপনার সন্তানের চাহিদাগুলির সঠিক শনাক্তকরণ নিশ্চিত করতে যতটা সম্ভব বিস্তারিতভাবে মূল্যায়ন করার জন্য অনুরোধ করুন।

## প্রারম্ভিক মূল্যায়ন

প্রারম্ভিক মূল্যায়ন সেটের মধ্যে অবশ্যই অন্তর্ভুক্ত থাকবে কমপক্ষে:

- একটি সামাজিক ইতিহাস
- একটি মানসিক-শিক্ষাগত মূল্যায়ন (আই.কিউ ও অ্যাকাডেমির পরীক্ষাসহ)
- ক্লাসঘর পর্যবেক্ষণ; এবং
- একটি সাম্প্রতিক শারীরিক মূল্যায়ন (যদি শিক্ষার্থীর ডাক্তারের কাছ থেকে পাওয়া না যায়, ডি.ও.ই-কে অবশ্যই শারীরিক মূল্যায়নের ব্যবস্থা করতে হবে)।

**অন্যান্য সম্ভাব্য মূল্যায়নের মধ্যে অন্তর্ভুক্ত:**

- একটি শারীরিক/পেশাগত চিকিৎসা অথবা বাক ও ভাষা মূল্যায়ন
- স্নায়ুগত অথবা স্নায়ুমানসিক পরীক্ষা
- সহায়তাকারী প্রযুক্তি মূল্যায়ন
- মনোরোগ সম্পর্কিত মূল্যায়ন
- একটি দৃষ্টি বা শ্রবণজনিত পরীক্ষা, সেন্ট্রাল অডিটরি প্রসেসিং মূল্যায়ন সহ

### সুপারিশ সংক্রান্ত পরামর্শ

আপনি যদি মূল্যায়নের অনুরোধ করেন এবং কোনও জবাব না পান তাহলে প্রিন্সিপালের সঙ্গে যোগাযোগ করুন এবং এরপরে আপনার **সুপারিন্টেনডেন্টের অফিসে ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটরের** সঙ্গে যোগাযোগ করুন, বা 311 নম্বরে বিশেষ শিক্ষা কল সেন্টারে কল করুন। আপনি DOE-এর ওয়েবসাইট http://schools.nyc.gov এ আপনার স্কুল খুঁজে নিয়ে স্কুলের পৃষ্ঠায় ক্লিক করার মাধ্যমে অথবা আপনার স্কুলে প্যারেন্ট কোঅর্ডিনেটরকে জিজ্ঞাসা করে আপনার ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটর কে সেটি জানতে পারেন।

আপনি যদি অনুভব করেন যে আপনার সন্তানকে একটি নির্দিষ্ট ক্ষেত্রের পরীক্ষা করা উচিৎ, ডি.ও.ই-কে তা করতে বলুন। পেশাগত ও শারীরিক চিকিৎসা মূল্যায়নের মত নির্দিষ্ট কিছু মূল্যায়ন পরিচালনের পূর্বে ডি.ও.ই আপনার কাছে চিকিৎসকের প্রেসক্রিপশন বা চিঠি চাইতে পারে।

এছাড়াও আইন অনুসারে যে সমস্ত শিশুদের আচরণগত সমস্যা তাদের বা তাদের সহপাঠীদের শেখা আরও কঠিন করে তুলেছে তাদের একটি ***ফাংশনাল বিহেভিয়ার অ্যাসেসমেন্ট বা ক্রিয়ামূলক আচরণের মূল্যায়ন*** **(এফ.বি.এ)** করা প্রয়োজন। একটি এফ.বি.এ সেই বিষয়গুলি বর্ণনা করে যা ক্লাসঘরে আপনার সন্তানের আচরণে প্রভাব ফেলে এবং আচরণ হস্তক্ষেপ পরিকল্পনা (বি.আই.পি)-এর মাধ্যমে আচরণ সংক্রান্ত যেকোন সমস্যার ব্যবস্থা নিতে স্কুল ও পিতামাতাকে সাহায্য করে।

আই.ই.পি সভার আগে আপনার সন্তানের মূল্যায়নের **কপি** পাওয়ার অধিকার আছে। মূল্যায়নগুলি আগে থেকে অনুরোধ করা ভাল কারণ তাহলে আপনি সতর্কভাবে সেগুলি পর্যালোচনা করতে পারবেন।

# পুনর্মূল্যায়ন



**বিশেষ শিক্ষা পরিষেবা পাচ্ছে এমন শিক্ষার্থীকে তিন বছরে অন্তত একবার অবশ্যই পুনর্মূল্যায়ন করতে হবে,** যতক্ষণ না পিতামাতা এ বিষয়ে লিখিতভাবে সম্মত হচ্ছেন যে পরীক্ষা করার দরকার নেই। এই বাধ্যতামূলক মূল্যায়নকে **"ত্রৈবার্ষিক"** মূল্যায়ন বলা হয়। ত্রৈবার্ষিক মূল্যায়ন বাদ দেওয়াটা প্রায় সবসময়ই একটা খারাপ চিন্তা। শিশুরা তিন বছরে অনেকটা পরিবর্তিত হতে পারে, এবং কোন শিক্ষার্থী কেমন করছে মূল্যায়নের তার একটি বস্তুনিষ্ঠ ছবি তুলে ধরে। সতর্ক থাকুন, আপনি যদি সত্যিই মনে না করেন যে এটা প্রয়োজনীয় নয় তাহলে পরীক্ষা বাদ দেবেন না।

নতুন মূল্যায়ন চাওয়ার আগে আপনাকে তিন বছর অপেক্ষা করতে হবে না। কোন পিতামাতা বা স্কুল ডিস্ট্রিক্ট যেকোন সময় মূল্যায়নের অনুরোধ করতে পারেন, এবং স্কুল ডিস্ট্রিক্টকে অবশ্যই মূল্যায়ন সম্পূর্ণ করতে হবে। যদিও, পিতামাতা ও স্কুল ডিস্ট্রিক্ট সম্মত না হলে বছরে একবারের বেশি নতুন পরীক্ষা করা যাবে না।

আপনি অথবা ডিস্ট্রিক্ট কোন শিশুর পরিষেবা পরিবর্তন করতে চাইলে, শিশুটি যদি উন্নতি না করে, অথবা শিশুটি যদি এত বেশি উন্নতি করে যে কর্মসূচির পরিবর্তন প্রয়োজন তাহলে নতুন মূল্যায়নের অনুরোধ করতে হবে।

# মূল্যায়নের সময়কাল

ডি.ও.ই আপনার সন্তানের মূল্যায়নের সম্মতি পাওয়ার পরে, মূল্যায়ন সম্পূর্ণ করার জন্য তাদের হাতে **60 ক্যালেন্ডার দিবস** থাকে। আপনার সন্তানের প্রতিবন্ধকতা আছে দেখা গেলে, এটি আপনার সন্তানের প্রথম আই.ই.পি হলে, আপনার প্রারম্ভিক সম্মতির **60 স্কুল দিবসের** মধ্যে অথবা আপনার সন্তানের ইতিমধ্যেই আই.ই.পি থাকলে তার কেসটি পুনর্মূল্যায়নের জন্য সুপারিশের দিন থেকে ডি.ও.ই-কে প্লেসমেন্ট ও পরিষেবার ব্যবস্থা করতে হবে। অনুগ্রহ করে লক্ষ্য করুন যে আইন অনুসারে, অনুমতি ও সুপারিশ এক জিনিস নয়। সাধারণত, আপনার অধিকার ব্যাখ্যা করতে এবং তারপর আপনার অবগত সম্মতি পেতে পূর্ববর্তী ভাগে বর্ণিত অনুসারে একজন সমাজকর্মী বা স্কুল মনস্তত্ত্ববিদ আপনার সাথে দেখা করবেন।  আপনি আপনার সন্তানকে বিশেষ শিক্ষার জন্য সুপারিশ করে থাকলে, কিন্তু ডি.ও.ই-এর কাছে থেকে উত্তর না পেলে, আপনার স্কুলের স্কুল ভিত্তিক সহায়তা দলের সাথে (অথবা আপনার সন্তান কোন সরকারী স্কুলে না পড়লে সি.এস.ই-তে আই.ই.পি দলের সাথে) সত্বর যোগাযোগ করুন।

# মূল্যায়ন প্রক্রিয়া সম্পর্কে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

## আমি যদি একটি মূল্যায়নে সম্মতি না দিই তাহলে কি হবে?

আপনি যদি ডি.ও.ই-কে বলেন যে আপনি মূল্যায়নে সম্মতি দেবেন না, স্কুল অথবা সি.এস.ই আপনার বিরুদ্ধে নিরপেক্ষ শুনানি ফাইল না করা পর্যন্ত এবং একজন নিরপেক্ষ শুনানি কার্যকর্তা মূল্যায়নের আদেশ না দেওয়া পর্যন্ত ডি.ও.ই আপনার সন্তানের মূল্যায়ন করতে পারবে না। শুনানিতে, স্কুলকে অবশ্যই প্রমাণ করতে হবে যে আপনার সন্তানের মূল্যায়ন প্রয়োজন এবং দেখাতে হবে যে বিশেষ শিক্ষা মূল্যায়নের আগে স্কুল আপনার সন্তানকে হস্তক্ষেপ পরিষেবা প্রস্তাব করেছিল।

স্কুল এগুলি প্রমাণ করলে, শুনানি কার্যকর্তা আপনার সম্মতি ছাড়াই মূল্যায়নের আদেশ দিতে পারেন; অবশ্য, আপনার সম্মতি ছাড়া ডি.ও.ই কখনওই আপনার সন্তানকে বিশেষ শিক্ষা পরিষেবা দিতে শুনানির অনুরোধ করতে পারে না।

## সম্মতি দানের পরে আমি কি তা ফিরিয়ে নিতে পারি?

হ্যাঁ। শুধু ডি.ও.ই-কে লেখার মাধ্যমে আপনার যেকোন সময় মূল্যায়ন প্রক্রিয়া সমাপ্ত করার অধিকার আছে। আপনি একবার মূল্যায়ন প্রক্রিয়া বন্ধ করা বেছে নিলে, আপনার সন্তানের কেস স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। পিতামাতা/আইনি অভিভাবক হিসাবে, আপনার যেকোন সময়ে বিশেষ শিক্ষা পরিষেবা ফিরিয়ে নেওয়ার অধিকারও আছে। আরও তথ্যের জন্য পৃষ্ঠা 21 দেখুন।

**মনে রাখবেন:**
পিতামাতার সম্মতি ছাড়া ডি.ও.ই <u>প্রথমবার</u> শিক্ষার্থীকে বিশেষ শিক্ষায় দিতে পারে না!



## আমি আমার সন্তানকে মূল্যায়িত করতে না চাইলে কি ডি.ও.ই-কে উপেক্ষা করতে পারি?

না। ডি.ও.ই-কে অবজ্ঞা করলে অভিযোগ আসতে পারে যে আপনি সহযোগিতা করেননি। তদুপরি, আপনার সন্তানের যদি ইতিমধ্যেই আই.ই.পি থাকে, এবং আপনি মূল্যায়নের জন্য ডি.ও.ই-র অনুরোধের উত্তর না দেন, ডি.ও.ই আপনার সম্মতি ছাড়াই আপনার সন্তানকে মূল্যায়িত করতে পারবে। আপনাকে মূল্যায়নে সম্মতি দিতে না হলেও, সবসময় ডি.ও.ই-র অনুরোধে সাড়া দিতে এবং যেকোন উদ্বেগ লিখিত রূপে নথিভূক্ত করতে হবে।

## আমি কি ব্যক্তিগত চিকিৎসকের মূল্যায়ন ডি.ও.ই-তে দিতে পারি?

হ্যাঁ। ডি.ও.ই অবশ্যই শিক্ষার্থী সম্পর্কে আপনার প্রদত্ত তথ্য সহ সকল তথ্য বিবেচনা করবে। ডি.ও.ই আপনার দেওয়া ব্যক্তিগত মূল্যায়নগুলি অবশ্যই *বিবেচনা* করবে, কিন্তু তারা সেই মূল্যায়নগুলির সঙ্গে সহমত নাও হতে পারে এবং তাদের নিজস্ব মূল্যায়ন পরিচালনা করতে পারে। কখনও কখনও ডি.ও.ই তাদের নিজস্ব মূল্যায়ন না করে ব্যক্তিগত মূল্যায়ন গ্রহণ করতে পারে।

## আমি যদি একটি স্বাধীন মূল্যায়ন চাই কিন্তু তা সাধ্যে না কুলায়, অথবা আমি ডি.ও.ই-র মূল্যায়নে খুশি না হই তাহলে কি হবে?

আইন বলে কোন পিতামাতা স্কুলের করা মূল্যায়নে সন্তুষ্ট না হলে স্বাধীন মূল্যায়নের জন্য অর্থ প্রদান করতে স্কুল ডিস্ট্রিক্টকে অনুরোধ করতে পারেন। স্বাধীন মূল্যায়নের জন্য লিখিতভাবে সন্তানের স্কুলে (অথবা আপনার সন্তান পাবলিক স্কুলে না থাকলে অথবা চার্টার স্কুলে গেলে, সি.এস.ই-তে) অনুরোধ করতে পারেন। একবার আপনি মূল্যায়নের অনুরোধ করলে, ডি.ও.ই-র দুটি বিকল্প আছে:

1. ডি.ও.ই আপনার অনুরোধে অসম্মত হতে পারে এবং তার নিজস্ব মূল্যায়ন যথাযথ ছিল প্রমাণ করতে নিরপেক্ষ শুনানির অনুরোধ করতে পারে, **অথবা**
2. ডি.ও.ই **সমীক্ষণ অনুমোদন** ফর্মের মাধ্যমে স্বাধীন মূল্যায়নের জন্য অর্থপ্রদান করতে পারে, যা আপনাকে ডি.ও.ই-অনুমোদিত হারে ব্যক্তিগত পরিষেবা প্রদানকারী খোঁজার অনুমতি দেবে।

স্কুল যদি যুক্তিসঙ্গত সময়ের মধ্যে জবাব দিতে না পড়ে তাহলে আপনার প্রিন্সিপালের সঙ্গে যোগাযোগ করুন এবং এরপরে সুপারিন্টেনডেন্টের অফিসে আপনার ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটরের সঙ্গে যোগাযোগ করুন বা 311 এ কল করে বিশেষ শিক্ষা কার্যালয়ের সঙ্গে কথা বলতে চান। তারা যদি তবুও জবাব না দেন তাহলে আপনি একটি যথাযথ প্রক্রিয়ার শুনানি বা মধ্যস্থতার জন্য অনুরোধ দাখিল করতে পারেন।

## "স্বাধীন" ও "ব্যক্তিগত" মূল্যায়নের মধ্যে পার্থক্য কি?

ডি.ও.ই স্বাধীন মূল্যায়নের অর্থ প্রদান করে, এবং ফলাফলের উপর ডি.ও.ই-র অধিকার আছে। ব্যক্তিগত মূল্যায়নগুলি আপনার অথবা আপনার বিমা কোম্পানীর দ্বারা আয়োজিত ও অর্থ প্রদত্ত হয় এবং ডি.ও.ই-র সঙ্গে শেয়ার করতে হয় না। আপনার সন্তানের ব্যক্তিগত মূল্যায়ন করা হচ্ছে ডি.ও.ই -কে একথা জানালে একটা আশা সৃষ্টি হতে পারে যে আপনি ফলাফল শেয়ার করবেন। এই কারণে, আপনার সন্তানের কোন ব্যক্তিগত মূল্যায়ন সম্পর্কে ডি.ও.ই-কে জানানোর আগে আপনি ফলাফল পর্যালোচনা করা পর্যন্ত অপেক্ষা করতে চাইতে পারেন।

# ধাপ তিন: আই.ই.পি উন্নয়ন

একটি শিশুর বিশেষ শিক্ষা পরিষেবা পাওয়ার জন্য, একটি **ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (আই.ই.পি)** দল অবশ্যই দেখবে যে শিশুটি নিচে তালিকাভূক্ত তেরোটি প্রতিবন্ধকতার শ্রেণীকরণের কোনটির উপযুক্ত। শ্রেণীভূক্ত হতে গেলে, শিক্ষার্থীর প্রতিবন্ধকতা অবশ্যই তার স্কুল কর্মদক্ষতায় প্রভাব ফেলতে হবে। বিশেষ শিক্ষার জন্য শ্রেণীবিভাগ চিকিৎসাগত নির্ণয় *নয়*। যদিও কোন শিশু এই শ্রেণীবিভাগের একাধিকের উপযুক্ত হতে পারে, নিউ ইয়র্কে আই.ই.পি-র প্রাথমিক শ্রেণীবিভাগ হিসাবে একমাত্র একটিই ধার্য করা হবে। শিশুটির শ্রেণীবিভাগের উপর ভিত্তি না করে পরিষেবাগুলিকে বরং তার ব্যক্তিগত চাহিদা পুরণ করতে হবে।

## প্রতিবন্ধকতার 13টি শ্রেণীবিভাগ হল:

- অটিজম্
- বধির-অন্ধত্ব
- শ্রবণজনিত প্রতিবন্ধকতা
- বুদ্ধিবৃত্তিক অক্ষমতা
- অস্থিসংক্রান্ত প্রতিবন্ধকতা
- বাক্ বা ভাষা প্রতিবন্ধকতা
- আবেগজনিত সমস্যা
- বধিরতা
- অন্ধত্ব সহ দৃষ্টিগত প্রতিবন্ধকতা
- শেখার অক্ষমতা
- একাধিক অক্ষমতা
- অন্যান্য স্বাস্থ্য প্রতিবন্ধকতা
- মস্তিষ্কের আঘাতজনিত মানসিক আঘাত

## আই.ই.পি উন্নয়ন

**আপনার সন্তানের আই.ই.পি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ নথি।** এটি আপনার সন্তানের শিক্ষাগত চাহিদার রুপরেখা এবং আপনার সন্তানের যে পরিষেবাগুলি পাওয়ার অধিকার আছে তা নির্দিষ্ট করে। আইন অনুসারে আপনার সন্তানের আই.ই.পি-র মধ্যে থাকতে হবে:

- শিক্ষাগত ও সামাজিক/আবেগগত দক্ষতা প্রদর্শনের বর্তমান স্তর;
- পরিমাপযোগ্য বার্ষিক লক্ষ্যসমূহ;
- কর্মসূচির সুপারিশ এবং/অথবা সংশ্লিষ্ট পরিষেবা;
- আপনার সন্তান যে পরিমাণে সাধারণ শিক্ষা ক্লাস, পাঠ্যক্রম বহির্ভূত ও অ-আকাদেমি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারে;
- পরীক্ষা, পরীক্ষা বন্দোবস্ত এবং রুপান্তর;
- উত্তরণজনিত মানদণ্ড; এবং
- 15 ও তার বেশি বয়সী শিক্ষার্থীদের হাই স্কুলের পরে জীবনের প্রস্তুতির জন্য রুপান্তর পরিকল্পনা।



# আই.ই.পি দল



পিতামাতা হিসাবে, আপনি আই.ই.পি দলের **আইনগত প্রয়োজনীয় সদস্য।** আপনার অবশ্যই অন্যান্য দলীয় সদস্যদের সঙ্গে সিদ্ধান্ত গ্রহণে সমানভাবে অংশগ্রহণের সুযোগ থাকতে হবে। দলের অন্যান্য প্রয়োজনীয় সদস্যদের অন্তর্ভুক্ত:

- **বিশেষ শিক্ষা প্রদানকারী বা শিক্ষক***:* যদি আপনার সন্তান ইতিমধ্যেই বিশেষ শিক্ষা পরিষেবা পায় তাহলে এই সদস্যকে অবশ্যই আপনার সন্তানের প্রকৃত শিক্ষক বা পরিষেবা প্রদানকারী হতে হবে;
- **সাধারণ শিক্ষার শিক্ষক***:* আপনার শিক্ষক যদি, বা এমন হতে পারে, সাধারণ শিক্ষা ক্লাসে অংশগ্রহণ করে;
- উপযুক্ত হলে, **আপনার সন্তান**;
- **স্কুলের মনস্তত্ত্ববিদ, অথবা কোন সদস্য যিনি দলের কাছে মূল্যায়নের অর্থ ব্যাখ্যা করতে পারবেন***:* নতুন মানসিক মূল্যায়ন করা হয়ে থাকলে অথবা আরও নিয়ন্ত্রণমূলক পরিবেশের পরামর্শ দেওয়া হলে, দলে অবশ্যই একজন স্কুলের মনস্তত্ত্ববিদ থাকতে হবে; এবং
- **একজন ডিস্ট্রিক্ট প্রতিনিধি***:* যিনি বিশেষ শিক্ষা তত্ত্বাবধানের যোগ্যতাসম্পন্ন, প্রমিত গ্রেড স্তরের পাঠ্যক্রম জানেন, এবং ডিস্ট্রিক্টে উপলব্ধ শিক্ষাগত সঙ্গতির সঙ্গে পরিচিত।

## সুপারিশ সংক্রান্ত পরামর্শ

আই.ই.পি সভায় আপনার সাথে এমন কাউকে আনা ভাল যিনি সভার সময় সহায়তা করতে পারবেন এবং নোট নিতে পারবেন। ফলপ্রসূ কথোপকথন বজায় রাখুন। এমনকি যা ঘটেছে সেরকম কিছু সম্পর্কে আপনি যখন রেগে আছেন, আপনার বিষয়ে কথা বলার সময় শান্তভাবে বলতে চেষ্টা করবেন।

দলের **অতিরিক্ত** সদস্যদের অন্তর্ভুক্ত হতে পারেন:

- **স্কুল চিকিৎসক:** আপনি যদি চান যে একজন চিকিৎসক অংশগ্রহণ করুন, তাহলে অবশ্যই আই.ই.পি সভার 72 ঘন্টা আগে আপনার সন্তানের স্কুলে লিখিতভাবে জানাতে হবে।
- **আপনার সন্তানের সংশ্লিষ্ট পরিষেবা প্রদানকারী অথবা থেরাপিস্ট।**
- কোন পিতামাতা সহায়তা অথবা তথ্যের জন্য আই.ই.পি সভায় অন্য যে কাউকে আমন্ত্রণ জানাতে পারেন, যাঁদের মধ্যে আপনার সন্তান সম্পর্কে জানা আছে বা বিশেষ দক্ষতা আছে এমন কেউ থাকতে পারেন, যেমন বাইরের কোন থেরাপিস্ট, শিক্ষক, অথবা অন্য বিশেষজ্ঞ। এই অতিরিক্ত সদস্যরা প্রত্যক্ষভাবে বা ফোনের মাধ্যমে আই.ই.পি সভায় অংশগ্রহণ করতে পারেন।

যে পরিস্থিতিতে ডি.ও.ই প্রয়োজনীয় সদস্য ছাড়া আপনাকে আই.ই.পি রিভিউয়ের জন্য এগোতে বলতে পারে:

- আপনি বিজ্ঞপ্তি পেয়েছেন
- দলের যে সদস্য উপস্থিত থাকবেন না তাঁর লিখিত মতামত আপনি পেয়েছেন, এবং
- আপনি দলের সদস্য ছাড়া এগিয়ে যেতে ডি.ও.ই-কে অনুমতি দিয়েছেন।

যখন সকল প্রয়োজনীয় সদস্য উপস্থিত থাকবেন এমন কোন সময়ে সূচি পরিবর্তিত করতে চাওয়ার অধিকার আপনার আছে।

নিউ ইয়র্ক সিটির সমস্ত আই.ই.পি বৈদ্যুতিন **বিশেষ শিক্ষা শিক্ষার্থী তথ্য ব্যবস্থা (এস.ই.এস.আই.এস)** ব্যবহার করে তৈরি করা। ফলতঃ, আই.ই.পি সভায় আলোচিত তথ্য বৈদ্যুতিন উপায়ে নথিতে প্রবেশ না করানো পর্যন্ত আপনার সন্তানের আই.ই.পি "চূড়ান্ত" হবে না। সভা ত্যাগের পূর্বে নিশ্চিত করুন, আপনার সন্তানের খসড়া আই.ই.পি-র একটি কপি পর্যালোচনার জন্য এবং তার বক্তব্যের সাথে আপনি সম্মত কিনা নির্ণয় করার জন্য নিয়ে যাবেন। আপনি যদি আই.ই.পি-র কোন বিষয়বস্তুর সাথে একমত না হন, তা বদল করার জন্য বলুন, অথবা, না হলে, আই.ই.পি-র **"পিতামাতার উদ্বেগ"** বিভাগে আপনার অসহমত অন্তর্ভুক্ত হবে।

নিশ্চিত করে আই.ই.পি-র একটি চূড়ান্ত কপি নেবেন। সভার পরে, সবসময় এটা নিশ্চিত করার জন্য দেখুন যে আপনার সন্তান তার আই.ই.পি-তে সুপারিশকৃত সব আই.ই.পি পরিষেবা পাচ্ছে!



**মনে রাখবেন!**
ডি.ও.ই অবশ্যই **প্রতি বছর** প্রত্যেক শিক্ষার্থীর আই.ই.পি পর্যালোচনা করে দেখবে শিশুটি উন্নতি করছে কিনা এবং পরিষেবায় কোন পরিবর্তন প্রয়োজন কিনা।

# একটি আই.ই.পি সভা প্রস্তুতির জন্য পরামর্শ

- নিশ্চিত করুন আপনি আপনার শিশুর প্রতিবন্ধকতা এবং কিভাবে এটা তার স্কুলের কর্মক্ষমতায় প্রভাবিত করে বর্ণনা করতে সক্ষম।
- নির্ধারণ করুন কি কার্যক্রম ও পরিষেবা আপনি সন্তানের জন্য পেতে ইচ্ছুক, এবং কেন সেই পরিষেবাগুলি ঠিক উপযুক্ত কারণ সহ এগোন। সম্ভাবনাগুলির তথ্যের জন্য, পৃষ্ঠা 23-25-এর বর্ণনাগুলি পড়ুন।
- আপনি কোনো পরিষেবা প্রদানকারী, শিক্ষক, বা অন্য কাউকে যিনি আপনার সন্তানকে জানেন এবং যাঁর কাছে আই.ই.পি সভা অংশগ্রহণের প্রাসঙ্গিক তথ্য আছে তাঁকে জিজ্ঞাসা করতে পারেন। যদি সেই প্রদানকারীর সহায়ক তথ্য থাকে যা আপনার অবস্থানের সহায়ক এবং আপনি মনে করেন যে আই.ই.পি দল আপনার সাথে অসম্মত হতে পারে, তবে এটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ।
- আপনার সন্তানের সমস্ত মূল্যায়ন, পর্যবেক্ষণ, এবং অগ্রগতির রিপোর্টের পর্যালোচনা করুন। আপনার কোন মূল্যায়ন না থাকলে, সভার আগাম কোন কপির জন্য অনুরোধ করুন। আপনার কাঙ্ক্ষিত মূল্যায়ন পরিষেবার সহায়ক কিনা ভেবে দেখুন। হয় আপনি যা চাইছেন তার সমর্থন করতে বা মূল্যায়ন সঠিক নয় কেন তার জন্য তর্ক করতে মূল্যায়নের নির্দিষ্ট অংশ ব্যবহার করতে প্রস্তুত থাকুন।
- আপনার সন্তান অতীতে বিশেষ শিক্ষা পেলে গত আই.ই.পি সভা অথবা গত মূল্যায়ন থেকে শিক্ষার্থীটি কতখানি অগ্রগতি করেছে নিরুপণ করার চেষ্টা করুন। সে কি পূর্ববর্তী বছরের আই.ই.পির লক্ষ্য পূরণ করেছে? না হলে, শিক্ষার্থীটির কোন পৃথক পরিবেশ বা অতিরিক্ত পরিষেবার প্রয়োজন হতে পারে।
- আপনার সভায় একজন দোভাষী আনার অধিকার আছে। আপনি দোভাষী চাইলে আপনার সন্তানের স্কুলে সভার অন্তত তিনটি কর্মদিবস আগে যোগাযোগ করুন।
- সভা ত্যাগের পূর্বে আই.ই.পি-এর একটি খসড়া নিন, এবং পরে দ্রুত আপনি একটি চূড়ান্ত কপি পাবেন তা নিশ্চিত করুন। সভায় কি আলোচনা হয়েছিল তার অভিব্যক্তি নিশ্চিত করতে আই.ই.পি পরীক্ষা করে দেখুন। আপনি যদি কোন বিষয়বস্তুর সাথে একমত না হন, তা বদল করার জন্য বলুন, অথবা, না হলে, আই.ই.পি-র **"পিতামাতার উদ্বেগ"** বিভাগে আপনার অসহমত অন্তর্ভুক্ত হবে।
- উপস্থিতি পত্রে স্বাক্ষরের অর্থ এই নয় যে আপনি আই.ই.পি-এর সঙ্গে বা সভার সময় যা বলা হয়েছিল সেই সবকিছু সঙ্গে সহমত, এর অর্থ শুধু আপনি সভায় উপস্থিত ছিলেন সেটুকুই। কোন প্রতিবন্ধকতাসহ শিশুর পিতামাতা হিসাবে আপনার অধিকার সংক্রান্ত আরো তথ্যের জন্য এই নির্দেশিকা বইয়ের ভাগ II দেখুন।

# ধাপ চার: প্লেসমেন্ট ও পরিষেবাগুলি

আই.ই.পি দল কর্তৃক আপনার সন্তানের প্লেসমেন্টের সিদ্ধান্ত তৈরী হয়। প্রতিবছর আই.ই.পি সভায়, আপনার সন্তানের কার্যক্রম ও প্লেসমেন্টের সুপারিশ পর্যালোচনা করা উচিত।

নিউ ইয়র্ক সিটির বিশেষ শিক্ষা সংস্কারে, আই.ই.পি সহ বেশীরভাগ শিক্ষার্থী তাদের বর্তমান স্কুলে থাকবে এবং সেখানে তাঁদের নতুন কার্যক্রম বা পরিষেবা পাবে। আপনাকে কোনো নতুন কার্যক্রম গ্রহণ করার আগে ক্লাসঘর পরিদর্শন করতে হবে। আপনার সন্তান বর্তমান কার্যক্রমে যুক্ত হয়েছে এবং সব বাধ্যতামূলক পরিষেবা পাচ্ছে নিশ্চিত হতে সবসময় লেগে থাকতে হবে। কোনো নতুন শিক্ষক বা সেই সম্পর্কিত পরিষেবা প্রদানকারী, যেমন বাক থেরাপিস্ট, নির্দেশিকা কাউন্সিলারস বা সহ পেশাজীবীদের সঙ্গে কথা বলতে জিজ্ঞাসা করুন।

কখনও কখনও শিক্ষার্থীদের বিশেষরূপ স্কুলের (ডিস্ট্রিক্ট 75) জন্য সুপারিশ করা হবে, বা সীমিত সংখ্যার ক্ষেত্রে অন্য কমিউনিটি স্কুলে বিশেষরূপ কার্যক্রমে, যেমন অটিজম স্পেকট্রামের ওপর কার্যক্রমে শিশুদের পাঠানো হতে পারে। এই পরিস্থিতিগুলিতে পিতামাতাকে নিম্নলিখিত বিষয়ে সচেতন হতে হবে:

**ধাপ 1:** পিতামাতাদের ডাকে প্লেসমেন্ট অফার, একটি স্কুল লোকেশন পত্র এবং অগ্রিম লিখিত বিজ্ঞপ্তির ফর্ম প্রাপ্ত করতে হবে। পিতামাতাদের প্রস্তাবিত ক্লাসঘর প্লেসমেন্ট এবং স্কুল পরিদর্শন করার অধিকার আছে এবং প্লেসমেন্টে সম্মতির আগে কোনো পরিবর্তন করতে তাই করা উচিত।

**ধাপ 2:** আপনার সন্তান প্লেসমেন্ট না পেলে আপনার ডিসট্রিক্টের ***ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের*** সঙ্গে যোগাযোগ করুন। পৃষ্ঠা 46 এ ফ্যামিলি ওয়েলকাম সেন্টারগুলির তালিকা দেওয়া হয়েছে। আপনি যদি একটি নির্দিষ্ট স্কুল পছন্দ করেন, প্লেসমেন্ট অফিস জানার ব্যাপারে নিশ্চিত হন।

**ধাপ 3:** একজন পিতামাতা কোন প্রস্তাবিত স্কুল প্লেসমেন্ট গ্রহণ **বা** প্রত্যাখ্যান করতে পারেন। আপনি যদি প্লেসমেন্টটি প্রত্যাখ্যান করতে চান তাহলে লিখিতভাবে তার কারণ ব্যাখ্যা করুন, সেটির একটি কপি নিজের কাছে রাখুন এবং চিঠিটি যে ব্যক্তি স্কুল লোকেশন চিঠিটি জারি করেছেন তাকে পাঠান।

**ধাপ 4:** প্লেসমেন্ট গ্রহণ করার পর পিতামাতাদের ডাকযোগে **উপস্থিতির অনুমোদন (এ-1)** পত্র উচিত। নতুন স্কুলে ঠিকানার প্রমাণ, প্রতিষেধক প্রদান, এবং শিক্ষার্থী তালিকাভুক্তির সময় শিক্ষার্থীদের নতুন আই.ই.পি-এর একটি কপিসহ এই চিঠি আনুন।

**ধাপ 5:** বাস সংক্রান্ত কোন বিষয়ে কথা চালাতে **শিক্ষার্থী পরিবহন অফিসে (ও.পি.টি)** যোগাযোগ করুন। আরো তথ্যের জন্য পৃষ্ঠা 28 দেখুন।

# প্লেসমেন্ট সময়সীমা

## প্রথমবার প্লেসমেন্ট

যদি প্রথমবারে আপনার শিশু বিশেষ শিক্ষা পরিষেবা পায়, প্লেসমেন্টের জন্য ডি.ও.ই এবং পরিষেবাসমূহ আপনার শিশুর মূল্যায়নে আপনার *সম্মতি* পাওয়া থেকে **60 স্কুল দিবসের** মধ্যে অবশ্যই আয়োজন করতে হবে। আপনি স্কুল মনস্তত্ত্ববিদ অথবা সমাজ সেবকের সঙ্গে সাক্ষাৎ করলে, একটি সামাজিক ইতিহাস দিলে, এবং আপনার অধিকারের কোন ব্যাখ্যা পেলে সাধারণত মূল্যায়নের সম্মতি প্রাপ্ত হয়।



## কোন নতুন আই.ই.পি-এর জন্য একটি পুনর্মূল্যায়ন বা অনুরোধ অনুসরণ

আপনার সন্তান যদি ইতিমধ্যে পরিষেবা পেয়ে থাকে, প্লেসমেন্টের জন্য ডি.ও.ই এবং পরিষেবাসমূহ আই.ই.পি পর্যালোচনার জন্য *সুপারিশ* গ্রহণ থেকে **60 স্কুল দিবসের** মধ্যে অবশ্যই আয়োজন করতে হবে।

## যদি প্লেসমেন্টের জন্য স্বয়ংসম্পূর্ণ ক্লাস বা আই.সি.টি কার্যক্রম 60 স্কুল দিবসের মধ্যে না দেওয়া হয় তবে কি হবে?

যদি প্লেসমেন্টের জন্য স্বয়ংসম্পূর্ণ ক্লাস বা আই.সি.টি কার্যক্রম 60টি স্কুল দিনের মধ্যে না দেওয়া হয় তবে ডি.ও.ই অবশ্যই আপনাকে একটি **পি-1 চিঠি** (**নিকারসন চিঠি**) প্রদান করবে। যদি বেসরকারী স্কুল আপনার সন্তানকে গ্রহণ করে, এই চিঠি আপনাকে সরকারী ব্যয়ে একটি রাষ্ট্র-অনুমোদিত বেসরকারী স্কুলে আপনার সন্তানকে ভর্তি করতে দেবে। আরও তথ্যের জন্য পৃষ্ঠা 41 দেখুন।

যদি কোন আই.সি.টি ক্লাসের জন্য প্লেসমেন্ট 60 স্কুল দিবসের মধ্যে না দেওয়া হয়, কোথা থেকে আপনার সন্তান চলে আসছে তার ওপর সাহায্য নির্ভর করে। যদি আপনার সন্তান বেশি নিয়ন্ত্রণমূলক পরিবেশ থেকে সরে আসে, (ডি75, স্বয়ংসম্পূর্ণ ক্লাস, প্রভৃতি) আপনার সন্তান সেই পরিবেশে থাকতে পারে। যদি সেই পরিবেশ উপলব্ধ না হয়, আপনাকে কোন পি-1 চিঠি-এর জন্য অধিকার প্রদান করা হয়। যদি আপনার সন্তান কম নিয়ন্ত্রণমূলক পরিবেশ থেকে আসে (সহায়তাসহ সাধারণ শিক্ষা) আপনার সন্তান দিনে দুই পিরিয়ড এস.ই.টি.এস.এস পাওয়ার অধিকারী হয়, বা যদি সেটি উপলব্ধ না হয়, ঐ পরিষেবার জন্য স্কুল থেকে পি-3 চিঠির পাওয়ার অধিকারী হয়। পৃষ্ঠা 19 দেখুন।

## বিলম্বিত প্লেসমেন্ট

ডি.ও.ই চাইতে পারে যাতে আপনি প্লেসমেন্ট মুলতবি, বা পরবর্তী কোন তারিখ পর্যন্ত বিলম্বিত করতে সম্মত হন। এটি সাধারণত বসন্তের শেষ ও গ্রীষ্মের প্রথমের মধ্যে ঘটে এবং মুলতবি হেমন্ত পর্যন্ত হয়। যদিও আপনি নাও চাইতে পারেন যে আপনার সন্তান স্কুলবর্ষের শেষের খুব কাছাকাছি কোন নতুন প্লেসমেন্টে যাক, আপনি প্রস্তাবিত প্লেসমেন্ট সরাসরি দেখার জন্য বলতে পারেন, যেহেতু কোন প্রস্তাবিত ব্যর্থ হওয়া প্লেসমেন্টে আগস্টে যাওয়া অসম্ভব হতে পারে। যদি আপনি গ্রীষ্মে বিলম্বিত প্লেসমেন্টে সম্মতি দেন, ডি.ও.ই-কে অবশ্যই 15 আগস্ট-এর মধ্যে প্রস্তাব করতে হবে। তা না হলে, আপনি পি-1 চিঠি পাওয়ার অধিকারী।

## 12 মাসের কর্মসূচি

আপনার সন্তানের আই.ই.পি তে যদি নির্দিষ্ট করা থাকে যে সে **12** মাসের জন্য একটি কার্যক্রমে থাকবে তাহলে ডি.ও.ই- কে স্কুল বর্ষের শুরুতে জুলাই মাসে (***12*** মাসের স্কুল কার্যক্রমগুলি জুলাই থেকে—জুন পর্যন্ত চলে) স্কুল প্লেসমেন্টের প্রস্তাব দিতে হবে এবং পিতামাতাকে পর্যাপ্ত সময় দিতে হবে যাতে তারা সেটি পরিদর্শন করতে পারেন এবং যাতায়াতের ব্যবস্থা করতে পারেন, যা সাধারণত জুন মাসের মাঝামাঝি করা হয়।

### সুপারিশ সংক্রান্ত পরামর্শ:

এটা লিখে রাখুন! আপনার নিজের জন্য একটি নোটবুক রাখুন যাতে স্কুলের কর্মী এবং বাইরের চিকিৎসা কর্মীর (যেমন চিকিৎসক ও থেরাপিস্ট) সঙ্গে করা সমস্ত মিটিং ও যোগাযোগের তারিখ ও সময়ওলিখে রাখুন।



# প্লেসমেন্ট ও পরিষেবাগুলি সম্পর্কে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

## ডি.ও.ই যদি আমার সন্তানের স্কুল, ক্লাস, অথবা পরিষেবাগুলি পরিবর্তন করতে চায় কিন্তু আমি সম্মত না হই তাহলে আমার কি অধিকার আছে?

আই.ই.পি সভা না করে স্কুল কর্মকর্তারা আপনার সন্তানের আই.ই.পি-তে বেশিরভাগ পরিবর্তন করতে পারেন না। কোন আই.ই.পি সভার আগে আপনার পাঁচ দিনের বিজ্ঞপ্তি পাওয়ার অধিকার আছে। আই.ই.পি-তে কোন পরিবর্তন করার আগে, স্কুল ডিস্ট্রিক্ট অবশ্যই প্রস্তাবিত পরিবর্তন সম্পর্কে আপনাকে যুক্তিগ্রাহ্য বিজ্ঞপ্তি লিখিতভাবে দেবে। আই.ই.পি সভার পরেও, পরিবর্তনগুলি কার্যকর হওয়ার আগে আপনি লিখিত বিজ্ঞপ্তি পাবেন।

স্কুলের কোন পরিবর্তন সহ যেকোন প্রস্তাবিত প্লেসমেন্ট পরিদর্শন করার অধিকার আপনার আছে। আপনি যদি প্লেসমেন্টটি উপযুক্ত নয় মনে করেন, ডি.ও.ই-কে লিখিতভাবে জানান কেন এটি উপযুক্ত নয় এবং একটি নতুন প্লেসমেন্টের জন্য অনুরোধ করুন। আপনি যদি কোন প্রস্তাবিত পরিবর্তনের সাথে অসহমত হন আপনি একটি নতুন আই.ই.পি সভা, মধ্যস্থতা, অথবা একটি নিরপেক্ষ শুনানির অনুরোধ করতে পারেন।

## আমার সন্তানের স্কুল যদি সংশ্লিষ্ট পরিষেবা অথবা আই.ই.পি-র প্রয়োজনীয় বিশেষ শিক্ষা শিক্ষক সহায়তা পরিষেবা প্রদান না করে বা করতে না পারে তাহলে আমার কি কি অধিকার আছে?

আপনার সন্তানের স্কুল যদি আপনার সন্তানের আই.ই.পি-তে সংশ্লিষ্ট পরিষেবা প্রদানে সক্ষম না হয়, পরিষেবাগুলি প্রদানের জন্য ডি.ও.ই অবশ্যই বাইরের একটি এজেন্সির ব্যবস্থা করবে। শেষ উপায় হিসাবে, ডি.ও.ই আপনাকে একটি ভাউচার ইস্যু করতে পারে যাতে আপনি ডি.ও.ই-র খরচে বাইরের কোন পরিষেবা প্রদানকারীর কাছ থেকে এই পরিষেবাগুলি পেতে পারেন। এই ভাউচারটিকে সংশ্লিষ্ট পরিষেবার জন্য **সংশ্লিষ্ট পরিষেবা অনুমোদন (আর.এস.এ)** এবং এস.ই.টি.এস.এস-এর জন্য **"পি-3" পত্র** বলা হয়। আপনি পরিষেবা প্রদানকারীদের একটি তালিকা পাবেন যাঁরা আর.এস.এ ও পি-3 পত্র গ্রহণ করেন। এগুলি অনলাইনেও উপলব্ধ http://schools.nyc.gov/Academics/SpecialEducation/programs/relatedServices/RSinformation.htm.

আপনি যদি একজন পরিষেবা প্রদানকারী পান, কিন্তু তাঁর মূল্য ডি.ও.ই-র অনুমোদিত হারের থেকে বেশি হয়, আপনি "বর্দ্ধিত" হার অনুমোদন করার জন্য ডি.ও.ই-কে বলতে পারেন। তাঁরা আপনার অনুরোধ অস্বীকার করলে, আপনি বর্দ্ধিত হারের জন্য একটি নিরপেক্ষ শুনানি চাইতে পারেন। এই সহায়িকার পৃষ্ঠা 34-35-এ নিরপেক্ষ শুনানির উপর আরও তথ্য আছে।

# প্রস্তাবিত প্লেসমেন্ট বিবেচনার জন্য পরামর্শ

ডি.ও.ই যখন আপনার সন্তানের জন্য কোন প্লেসমেন্ট প্রস্তাব করে, আপনি প্রস্তাবিত ক্লাস ও স্কুলের স্থান পরিদর্শনের অধিকারী। স্থানটি উপযুক্ত কিনা সেটি নির্ধারণ করার জন্য আমরা আপনাকে পরামর্শ দিই যে:

## ইন্টারনেটে খোঁজখবর করুন।

- ডি.ও.ই ওয়েবসাইটের বিভিন্ন রিপোর্টগুলি থেকে যতটা পারেন তথ্য সংগ্রহ করুন, http://schools.nyc.gov/. স্কুলের ওয়েবপৃষ্ঠায় যান এবং সেই রিপোর্টগুলি পাওয়ার জন্য বাঁদিকের মার্জিনে "পরিসংখ্যান" ক্লিক করুন।
- এছাড়াও নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এডুকেশন সমস্ত পাবলিক স্কুলের জন্য রিপোর্ট কার্ড প্রকাশ করে। এই রিপোর্ট কার্ডে কোনো স্কুলের প্রগতি, জনসংখ্যাগত তথ্য, শিক্ষকদের মান, ক্লাসের গড় মাপ, এবং সাময়িক বরখাস্তের হার সংক্রান্ত তথ্য নথিভুক্ত থাকে এবং এগুলি http://data.nysed.gov/ এ উপলব্ধ।
- আপনি www.insideschools.org এবং www.schoolbook.org এ স্কুল সম্পর্কে অতিরিক্ত তথ্য এবং স্কুলের পর্যালোচনা পড়তে পারেন।

## "ক্লাস প্রোফাইলের" জন্য অনুরোধ করুন।"

ক্লাস প্রোফাইলে সামাজিক, শিক্ষাগত এবং পরিচালনা সংক্রান্ত চাহিদাগুলি এবং সেই সঙ্গে ক্লাসের অন্যান্য শিক্ষার্থীদের লিঙ্গ এবং বয়সের পরিসর উল্লেখ থাকা উচিৎ। আপনার সন্তান 16 বছরের কম বয়সী হলে, যদি আপনার সন্তান 12:1:4 ক্লাসঘর সজ্জায় না থাকে, সে এমন কোন বিশেষ শিক্ষা ক্লাসে থাকতে পারবে না যেখানে তিন বছরের বেশি বয়স পরিসীমা আছে। তদুপরি, আপনার সন্তানকে অনুরূপ শিক্ষাগত, আবেগগত, এবং শারীরিক চাহিদাসম্পন্ন শিশুদের একটি ক্লাসে রাখা উচিৎ (একে বলা হয় "বৃত্তিগতরূপে গ্রুপ করা")।

## স্কুল পরিদর্শন করুন।

প্রস্তাবিত ক্লাসের শিক্ষকের সাথে কথা বলুন এবং তাঁকে আপনার সন্তানের আই.ই.পি ও মূল্যায়নগুলি দেখান। স্কুল প্রশাসক ও শিক্ষকদের জিজ্ঞাসা করুন যে আপনার সন্তানের মূল্যায়ন ও আই.ই.পি-র পরামর্শ ও লক্ষ্যগুলি পূরণ করতে তাঁরা কিভাবে পারবেন। স্কুল আপনার সন্তানের জন্য পরামর্শকৃত পরিষেবাগুলি (বাক ও পেশাগত চিকিৎসার মত) প্রদান করতে পারবে কিনা দেখুন। আদৌ সম্ভব হলে, পরামর্শকৃত ক্লাসে অন্তত একটি পিরিয়ড কাটান। অন্যান্য যে প্রশ্নগুলি বিবেচনা করা প্রয়োজন সেগুলির জন্য পরের পৃষ্ঠা দেখুন।

- স্কুলে কতজন শিক্ষার্থী আছে? ওই বিল্ডিং -এ কি অন্য কোনো স্কুল আছে?
- বাথরুম, ক্যাফেটেরিয়া, থেরাপির জায়গা ইত্যাদির সাপেক্ষে ক্লাসরুমটি কোথায় অবস্থিত? এটি কি আপনার সন্তানের চাহিদা অনুসারে সুগম?
- ক্লাসের মাপ কি এবং শিক্ষার্থী ও শিক্ষকের অনুপাত কি? এটি কি আপনার সন্তানের আই.ই.পি-র সুপারিশের সঙ্গে মেলে?
- ক্লাসের অন্যান্য শিক্ষার্থীদের বয়স এবং গ্রেড কি?
- প্রস্তাবিত ক্লাস প্লেসমেন্টে শিক্ষার্থীরা কোন স্তরে কাজকর্ম করছে? তাদের কি আপনার সন্তানের মতো একই ধরনের শিক্ষণের চাহিদা আছে এবং কাজগুলি কি আপনার সন্তানের জন্য উপযুক্ত বলে মনে হয়?
- শিশুরা কি একা একা, ছোট ছোট দলে নাকি পুরো ক্লাস মিলে একসঙ্গে কাজ করে? শিশুদের কি দক্ষতার স্তর অনুযায়ী দলে ভাগ করা হয়?
- শিক্ষার্থীরা স্কুলের অন্যান্য শিশুদের সঙ্গে কতটা মেলামেশা করে? স্কুলে কি প্রতিবন্ধী নয় এমন শিশুরাও আছে?
- স্কুল কিভাবে বাক, অকুপেশনাল বা ফিজিক্যাল থেরাপি বা অন্যান্য বিশেষ শিক্ষার মতো সম্পর্কিত পরিষেবাগুলি প্রদান করে? তারা পুশ-ইন নাকি পুল-আউট মডেল ব্যবহার করে?
- কোন ধরনের আচরণ নিয়ন্ত্রণ কৌশল ব্যবহার করা হয়? স্কুল কিভাবে আচরণগত সমস্যার মোকাবেলা করে?
- পাঠ করা এবং অঙ্ক শেখানোর জন্য কোন পদ্ধতিগুলি ব্যবহার করা হয়? পাঠক্রমে কোন বিকাশগত ক্ষেত্রগুলি (যোগাযোগ, দৈনিক জীবনধারণের দক্ষতা, সামাজিক সম্পর্ক ইত্যাদি) অন্তর্ভুক্ত করা হয়?
- শিক্ষার্থীদের কি শেখায় অংশগ্রহণ করছে বলে মনে হয় এবং তারা কি শিক্ষককে পছন্দ করে বলে মনে হয়?
- ক্লাসরুম কি শিক্ষকের নিয়ন্ত্রণে আছে? তিনি কিভাবে ব্যাঘাতের মোকাবেলা করেন?
- ক্লাসরুমে থাকা কোনও সহায়ক বা আধা পেশাদারের সঙ্গে কি শিক্ষক ভালোভাবে কাজ করছেন বলে মনে হয়?
- শিক্ষক কি শেখার কাজগুলিকে ধাপে ধাপে ভেঙ্গে দেন এবং কোনও শিক্ষার্থীর বুঝতে অসুবিধা হলে অন্যভাবে ব্যাখ্যা করেন? নির্দেশগুলি কি যথেষ্ট স্পষ্টভাবে দেওয়া হয় যাতে শিক্ষার্থীরা বুঝতে পারে যে তাদের থেকে কি আশা করা হচ্ছে?
- স্কুলে শিক্ষক কতদিন ধরে পড়াচ্ছেন? শিক্ষকের আপনার সন্তানের মত প্রতিবন্ধী শিশুদের সঙ্গে কাজ করার কি পরিমাণ অভিজ্ঞতা আছে? তিনি কি কোনও নির্দিষ্ট পদ্ধতিতে কোনও প্রশিক্ষণ প্রাপ্ত করেছেন?
- স্কুল পরিবারের অংশগ্রহণে কিভাবে সহায়তা করে? শিক্ষক এবং থেরাপিস্টরা কি পিতামাতাকে বাড়িতে অভ্যাস করানোর জন্য পরামর্শ দেন? কোনও অভিভাবকদের সংগঠন বা সহায়তা দল আছে কি?

# আমার সন্তান কত দিন বিশেষ শিক্ষা পরিষেবা পাবে?

কিছু শিশু ততদিন পর্যন্ত বিশেষ শিক্ষা পরিষেবা পায় যতদিন তারা স্কুলে থাকে, আবার অন্যদের শুধু অল্প সময়কালের জন্য সহায়তা প্রয়োজন হতে পারে। একজন শিক্ষার্থী দুইভাবে বিশেষ শিক্ষা পরিষেবা পাওয়া বন্ধ করতে পারে: একটি আই.ই.পি দল ঠিক করতে পারে যে সে আর পরিষেবার জন্য যোগ্য নয়, অথবা কোন পিতামাতা বিশেষ শিক্ষা পরিষেবার ক্ষেত্রে তাঁর সম্মতি প্রত্যাহার করে নিতে পারেন।

## শ্রেণীচ্যুতি

যখন কোন আই.ই.পি দল ঠিক করে যে একজন শিশুর আর বিশেষ শিক্ষা পরিষেবা প্রয়োজন নেই তখন শ্রেণীচ্যুতি ঘটে। একটি শিশুকে শ্রেণীচ্যুত করার আগে, ডি.ও.ই অবশ্যই নতুন মূল্যায়ন সম্পূর্ণ করবে এবং পিতামাতা সহ সম্পূর্ণ দলের সাথে আই.ই.পি সভা করবে।

দল যদি সিদ্ধান্ত নেয় যে শিক্ষার্থীর আর বিশেষ শিক্ষা পরিষেবা প্রয়োজন নেই, তারা অবশ্যই সাধারণ শিক্ষা ব্যবস্থায় শিশুটির স্থানান্তরে সাহায্যের জন্য প্রয়োজনীয় যেকোন পরিষেবা প্রদান করবে। নির্দেশগত সহায়তা ও প্রতিকার, নির্দেশগত সংশোধন, অথবা কাউন্সেলিং এই পরিষেবাগুলির অন্তর্ভুক্ত হতে পারে।

**দ্রষ্টব্য:**
DOE যা প্রস্তাব করছে আপনি যদি তার সাথে সম্মত না হন, কিন্তু তবুও আপনার সন্তানের বিশেষ শিক্ষা পরিষেবা প্রয়োজন বলে মনে করেন, আপনার আরেকটি আই.ই.পি সভার জন্য বলা উচিৎ অথবা আপনার যথাযথ প্রক্রিয়ার অধিকার নিয়ে এগোন উচিৎ।

## সম্মতি প্রত্যাহার

একজন পিতামাতা অথবা অভিভাবক হিসাবে, আপনি বিশেষ শিক্ষা পরিষেবার জন্য আপনার সম্মতি প্রত্যাহার করে নিতে পারেন এবং যেকোন সময়ে বিশেষ শিক্ষা থেকে আপনার সন্তানকে সরিয়ে নিতে পারেন। আপনি যখন বিশেষ শিক্ষার জন্য সম্মতি প্রত্যাহার করে নেন, ডি.ও.ই আপনার সন্তানকে **সমস্ত বিশেষ শিক্ষা পরিষেবা প্রদান বন্ধ** করে দেবে।

আপনার সন্তানকে বিশেষ শিক্ষা থেকে সরিয়ে নিতে আপনাকে একটি **সমাপন বিজ্ঞপ্তি** পত্রে স্বাক্ষর করতে হবে যেখানে বলা থাকবে যে আপনি আর চান না আপনার সন্তান আই.ই.পি পরিষেবা পাক। তারপর আপনার সন্তানকে একটি সাধারণ শিক্ষা পরিবেশে সরান হবে এবং সে আর সংশ্লিষ্ট কোন পরিষেবা, আই.ই.পি পরীক্ষা ব্যবস্থা অথবা সংশোধিত উত্তরণমূলক মানসমূহ পাবে না। **আপনার সন্তান যেকোন শৃঙ্খলামূলক কার্যধারার ক্ষেত্রে বিশেষ শিক্ষা শিক্ষার্থীদের সমস্ত ধরনের সুরক্ষা হারাবে।** আপনি সম্মতি প্রত্যাহার করে নিলে, ডি.ও.ই-র আর আপনার সন্তানের জন্য মূল্যায়ন অথবা আই.ই.পি সভা করার প্রয়োজন হবে না। আপনি সম্মতি প্রত্যাহার করে নেওয়ার পর, আপনি আপনার সন্তানকে বিশেষ শিক্ষা পরিষেবা প্রদানের ক্ষেত্রে ব্যর্থতার জন্য ডি.ও.ই-কে চ্যালেঞ্জ জানানোর অধিকার হারাবেন।

মত পরিবর্তন করছেন? আপনি যদি সম্মতি প্রত্যাহার করেন, কিন্তু পরে সিদ্ধান্ত নেন যে আপনার সন্তানের বিশেষ শিক্ষা পরিষেবা প্রয়োজন, আপনাকে নতুন সুপারিশ চালু করতে পারেন। আপনার সন্তানের পুনর্মূল্যায়ন হবে এবং প্রক্রিয়াটি আবার শুরু হবে।

# নিউ ইয়র্ক সিটিতে বিশেষ শিক্ষা পরিষেবার ধারাবাহিকতা

নিউইয়র্ক সিটি শিক্ষা বিভাগের(ডি.ও.ই) ধারাবাহিকতার মধ্যে বিশেষ শিক্ষা পরিষেবা ও কার্যক্রমের একটি তালিকা অন্তর্ভুক্ত যা শিক্ষার্থীদের বোধগত ও সামাজিক-আবেগপ্রবণ ক্ষমতা, দক্ষতা ও প্রয়োজনীয়তা পরিবেশন করে। এই তালিকা পরিষেবা ও নির্দেশনামূলক সমর্থন পর্যন্ত সীমিত সাধারণ শিক্ষা ক্লাসে (কম নিয়ন্ত্রণমূলক) থাকা একটি শিক্ষার্থীর স্বয়ংসম্পূর্ণ পরিবেশ সাহায্যের জন্য পরিকল্পিত (বেশি নিয়ন্ত্রণমূলক)। নিচের বিস্তারিতগুলি সেই সমর্থন ও পরিষেবাসমূহের বর্ণনা। কোন কার্যক্রম যথাযথভাবে আপনার সন্তানের প্রয়োজন মেটায় তা আলোচনা করাকালীন এই পরিষেবাসমূহের কিছু আই.ই.পি সভায় উত্থাপিত হতে পারে। মনে রাখবেন যে ডি.ও.ই নিম্নে তালিকাভুক্ত পরিষেবাসমূহ সমন্বয়ের বাস্তবায়ন করতে পারে। এই পরিষেবাসমূহ আই.ই.পি তে অন্তর্ভুক্ত করা হবে।

## সম্পূরক সাহায্য ও পরিষেবা সহ সাধারণ শিক্ষা



শিক্ষার্থী অতিরিক্ত সহায়তা সহ সাধারণ শিক্ষা ক্লাসে শিক্ষিত হয়। এগুলি সম্পূরক সাহায্য ও পরিষেবার অন্তর্ভুক্ত, কিন্তু এতেই সীমিত নয়:

- **সংশ্লিষ্ট পরিষেবাসমূহ,** যেমন বাক ও ভাষা চিকিৎসা বা কাউন্সেলিং। সম্পর্কিত পরিষেবাসমূহ, একটি ছোটো দলে বা ব্যক্তিগতভাবে প্রদত্ত হতে পারে। আরো জানতে পৃষ্ঠা 5 দেখুন।
- **বিশেষ শিক্ষা শিক্ষক সহায়তা পরিষেবা (এস.ই.টি.এস.এস),** পূর্বে রিসোর্স রুম হিসাবে পরিচিত। একটি শিক্ষার্থীকে হয় ক্লাস থেকে অপসারণ করা হয়েছে ও দিনের কিছু অংশে (পুল-আউট) একটি অপেক্ষাকৃত ছোটো ক্লাসে পড়ানো হয়েছে নতুবা একজন শিক্ষক ক্লাসঘরে এসে শিক্ষার্থী, শিক্ষার্থীদের একটি ছোটো দল সহ বা নিয়মিত পাঠদানের সময় ক্লাসঘরের শিক্ষকের সঙ্গে কাজ করতে পারেন(পুস-ইন)।
- **আধাপেশাদার** (সহকারী বা প্যারাসও বলা হয়) ব্যক্তি ব্যবস্থাপনা চাহিদা যেমন আচরণ ব্যবস্থাপনা, স্বাস্থ্য, ও ব্যাখ্যামূলক পরিষেবা পূরণের জন্য নির্ধারিত হতে পারে।

## সংহত সহ-শিক্ষাদান (আই.সি.টি, পূর্বে ছিল সি.টি.টি)

একটি সমন্বিত ক্লাসঘর যেখানে সাধারণ শিক্ষার শিক্ষার্থী (ক্লাসের প্রায় 60%) ও প্রতিবন্ধকতা সহ শিক্ষার্থীদের (ক্লাসের প্রায় 40%) সম্পূর্ণ-সময় সাধারণ শিক্ষার শিক্ষক ও সম্পূর্ণ-সময় বিশেষ শিক্ষার শিক্ষকের দ্বারা একসাথে শিক্ষা প্রদান করা হয়।

# একটি কম্যুনিটি স্কুলে বিশেষ ক্লাস

শিক্ষার্থী সাধারণ শিক্ষা ক্লাস আছে এমন প্রতিবেশী একটি স্কুলের বিশেষ শিক্ষা শিক্ষার্থীদের একটি ছোটো "স্বয়ংসম্পূর্ণ" ক্লাসে থাকে। এই ধরনের ক্লাসের শিক্ষার্থীদের কার্যকরী সামর্থ্য ও বয়সের মাধ্যমে দলে ভাগ করা হয়। ডি.ও.ই প্রস্তাবিত ক্লাসঘরের শিক্ষার্থী ও শিক্ষকের অনুপাতের অন্তর্ভুক্ত:

- **12:1** (শুধুমাত্র প্রাথমিক ও জুনিয়র/মধ্যম স্কুল); **15:1** (শুধুমাত্র হাই স্কুল)–শিক্ষাগত এবং/অথবা আচরণ ব্যবস্থাপনা চাহিদা সহ শিক্ষার্থীদের জন্য।
- **12:1:1** শিক্ষাগত এবং/অথবা আচরণগত ব্যবস্থাপনা চাহিদা সহ শিক্ষার্থীদের জন্য যাদের অতিরিক্ত প্রাপ্তবয়স্ক সমর্থন ও বিশেষরূপ নির্দেশনা প্রয়োজন।

**দ্রষ্টব্য:**
যখন আপনি একটি অনুপাত দেখেন, যেমন 12:1:1, এর অর্থ হল একটি একক ক্লাসে একজন শিক্ষক ও একজন আধাপেশাদারের সঙ্গে 12 জন শিক্ষার্থীর **বেশী নেই**। একটি শিশুর আই.ই.পি-তে **ক্লাসের অনুপাত** ও ক্লাসটি যদি **কম্যুনিটি স্কুলে** বা **বিশেষ স্কুলে** হয় উভয়ই উল্লেখ করা উচিত।

# একটি বিশেষরূপ ক্লাসে বিশেষ স্কুল (ডিস্ট্রিক্ট 75)

তীব্র চাহিদা সহ যাদের অধিক নিবিড় সমর্থন প্রয়োজন সেই শিক্ষার্থীদের উদ্দেশ্যে ডিস্ট্রিক্ট 75 হল একটি পৃথক স্কুল ডিস্ট্রিক্ট। কখনও কখনও এই কার্যক্রমগুলি সাধারণ শিক্ষা স্কুল বিল্ডিং-এ অনুষ্ঠিত হয়। অন্য সময়ে, শুধুমাত্র ডিস্ট্রিক্ট 75 বিশেষ ক্লাস ও শিক্ষার্থী সহ বিল্ডিংটি গঠিত হয়। একটি ছোটো সংখ্যায় ডিস্ট্রিক্ট 75 অন্তর্ভুক্তি সহ কার্যক্রম দিনের অংশের জন্য সাধারণ শিক্ষার ক্লাসে ডিস্ট্রিক্ট 75 যেমন আধাপেশাদার, বিশেষ শিক্ষার শিক্ষক এবং বাক্ চিকিৎসক থেকে প্রতিবন্ধকতা সহ শিক্ষার্থীদের সমন্বিত করে। আরো তথ্যের জন্য, এখানে যান http://schools.nyc.gov/Offices/District75/Departments/InclusiveEducation/default.htm.

ডিস্ট্রিক্ট 75-এর ক্লাস নিম্নলিখিত শিক্ষার্থী ও শিক্ষকের অনুপাত প্রস্তাব করে:

- **12:1:1** – শিক্ষাগত এবং/অথবা আচরণগত ব্যবস্থাপনা চাহিদা সহ শিক্ষার্থী, যাদের অতিরিক্ত প্রাপ্তবয়স্ক সমর্থন ও বিশেষরূপ নির্দেশনা প্রয়োজন।
- **8:1:1** – সেই শিক্ষার্থীদের জন্য যাদের চাহিদা গুরুতর ও নিয়মিত এবং যাদের ক্রমাগত, নিবিড় তত্ত্বাবধান, এবং একটি উল্লেখযোগ্য মাত্রায় ব্যক্তিগত মনোযোগ, হস্তক্ষেপ ও নিবিড় আচরণ ব্যবস্থাপনা প্রয়োজন।
- **6:1:1** – শিক্ষাগত, সামাজিক এবং/অথবা আন্তঃব্যক্তিগত উন্নয়ন, শারীরিক উন্নয়ন, এবং ব্যবস্থাপনা চাহিদা সহ উল্লেখযোগ্য চাহিদার সেই শিক্ষার্থীদের জন্য। শিক্ষার্থীদের আচরণ আক্রমণাত্মক, আত্ম-হানিকর বা চূড়ান্ত সংকুচিত হতে পারে। শিক্ষার্থীদের ভাষা ও সামাজিক দক্ষতার সাথে গুরুতর সমস্যা থাকতে পারে। বিশেষরূপ আচরণ ব্যবস্থামূলক হস্তক্ষেপ সহ এই কার্যক্রমগুলি গভীর সমর্থন ও ক্রমাগত প্রাপ্তবয়স্ক তত্ত্বাবধান প্রদান করে। 6:1:1 ক্লাসের বেশিরভাগ শিক্ষার্থীরা অটিজম স্পেকট্রাম থাকে।
- **12:1:4** – সমস্ত অঞ্চলের গুরুতর ও একাধিক প্রতিবন্ধকতা ও সীমিত কার্যক্রম সহ শিক্ষার্থীদের জন্য। এই কার্যক্রম প্রাথমিকভাবে দৈনন্দিন জীবনযাপন (এ.ডি.এল) এবং যোগাযোগ দক্ষতার উন্নয়ন কর্মকান্ডে প্রশিক্ষণ সহ বাসস্থান ও চিকিৎসা প্রদান করে।

# বিশেষ কার্যক্রম

ডি.ও.ই এমন অনেকগুলি বিশেষ কমিউনিটি স্কুল কার্যক্রম প্রদান করে যা বর্তমানে প্রত্যেকটি কমিউনিটি স্কুলে থাকবে বলে আশা করা যায় না, এই কার্যক্রমগুলির মধ্যে আছে:

- **এ.এস.ডি নেস্ট:** অটিজম স্পেকট্রামে থাকা উচ্চ স্তরে ক্রিয়াশীল শিক্ষার্থীদের জন্য কমিউনিটি স্কুলে একটি সর্বাঙ্গীণ ক্লাসের আয়োজন
- **এ.এস.ডি হরাইজন:** অটিজম স্পেকট্রামে থাকা শিক্ষার্থীদের জন্য কমিউনিটি স্কুলে একটি স্বয়ং-সম্পূর্ণ ("বিশেষ") ক্লাস
- **বেরিয়ার ফ্রি:** এমন একটি স্কুল বিল্ডিং যা সীমিত সচলতা আছে, গুরুতর স্বাস্থ্য সমস্যা আছে বা চলাফেরার জন্য হুইলচেয়ার অন্য কোনও যন্ত্র ব্যবহার করে এমন শিক্ষার্থীদের জন্য সহজগম্য
- **দ্বিভাষিক বিশেষ শিক্ষা:** যেসমস্ত শিক্ষার্থীদের দ্বিভাষিক ক্লাসরুমে পরিষেবা প্রাপ্ত করার সুপারিশ করা হয়েছে তাদের জন্য একটি বিশেষ ক্লাস
- **মেধাগত অক্ষমতা থাকা শিক্ষার্থীদের জন্য এসেস স্পেশাল ক্লাস :** যেসমস্ত শিক্ষার্থীদের মেধাগতভাবে অক্ষম হিসাবে চিহ্নিত করা হয়েছে এবং যাদের বিকল্প মূল্যায়ন করা হচ্ছে তাদের জন্য কমিউনিটি স্কুলে একটি বিশেষ ক্লাস

আরো তথ্যের জন্য http://schools.nyc.gov/Academics/SpecialEducation/enrolling/specializedprograms/default.htm এ যান

# একটি সরকারী স্কুলের বাইরে প্লেসমেন্টের সম্ভাবনা

- **স্টেট-অনুমোদিত বে-সরকারী স্কুল (এন.পি.এস):** স্টেট কর্তৃক অনুমোদিত ব্যক্তিগত বিশেষ শিক্ষা স্কুল সেই শিক্ষার্থীদের জন্য যাদের শিক্ষাগত চাহিদা একটি সরকারী স্কুল কার্যক্রমে পূরণ হয় না। বেসরকারী স্কুল সম্পর্কে কিছু গুরুত্বপূর্ণ তথ্যের জন্য পৃষ্ঠা 39 দেখুন। স্টেট-অনুমোদিত বেসরকারী স্কুলের তালিকা অনলাইনে http://www.p12.nysed.gov/specialed/privateschools/privschol_dis.html#dis তে উপলব্ধ।
- **আবাসিক প্লেসমেন্ট:** গুরুতর চাহিদা সহ শিক্ষার্থীরা যাদের 24 ঘন্টার ভিত্তিতে ব্যাপক পরিষেবা প্রয়োজন নিউ ইয়র্ক রাজ্যে আবাসিক প্লেসমেন্টের জন্য সুপারিশ করা হতে পারে। নিউ ইয়র্ক ভিত্তিক কোন কার্যক্রম না থাকলে একজন শিক্ষার্থীকে অন্য স্টেটে পাঠানো হতে পারে।
- **গৃহ নির্দেশনা:** শিক্ষার্থীদের জন্য অস্থায়ী প্লেসমেন্টের অভিপ্রায়। ডি.ই.ও হোম বা একটি লাইব্রেরীর মত সরকারী স্থানে উচ্চ স্কুল শিক্ষার্থীদের জন্য প্রতিদিন ন্যূনতম দু'ঘন্টা ও অন্যান্য শিক্ষার্থীদের জন্য প্রতিদিনে ন্যূনতম এক ঘন্টা গৃহ নির্দেশনা প্রেরণ করেন। যদিও মাঝে মাঝে চিকিৎসাগত চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের জন্য ব্যবহৃত হয়, যখন একটি শিক্ষার্থী বিশেষরূপ প্লেসমেন্টের জন্য অপেক্ষা করে এটি একটি স্বল্প-মেয়াদী সমাধান হিসাবে ব্যবহার করা যেতে পারে।
- **হাসপাতালের নির্দেশনা:** হাসপাতালে আছে এমন সকল শিক্ষার্থীদের নির্দেশ প্রদান করা ডি.ই.ও-র প্রয়োজন।

# বিশেষ শিক্ষা সংস্কার

2012-13 স্কুল বর্ষে, সমস্ত কমিউনিটি স্কুল, যেগুলি "জোনড" বা "প্রতিবেশী" স্কুল বলেও পরিচিত, সেগুলি প্রতিবন্ধকতার কারণে অক্ষম বিপুল সংখ্যক শিক্ষার্থীদের কাজে লাগবে বলে আশা করা হচ্ছে। এই নীতি যাকে ডি.ও.ই শুরুতে ***বিশেষ শিক্ষা সংস্কার*** নামে অভিহিত করত এবং এখন ***"শেয়ার্ড পাথ টু সাকসেস"*** নামে অভিহিত করে সেটি নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে প্রতিবন্ধী শিক্ষার্থীদের ভর্তি হওয়ার পদ্ধতির পরিবর্তন সাধন করেছে। **এই সংস্কার নীতির পরিবর্তন আইনের নয়; অভিভাবক হিসাবে বিশেষ শিক্ষা ব্যবস্থায় আপনার একই অধিকার বজায় থাকবে।**

যদিও উপরের ধারাক্রম আই.ই.পি সভার নির্দিষ্ট বিকল্প হিসাবেই উপস্থাপিত, আই.ই.পি দল শুধুমাত্র এই বিকল্পটিতেই আটকে থাকতে বাধ্য নন, অন্য ভাবেও ভাবতে পারেন। সংস্কারের আওতায়, ডি.ও.ই স্কুল এবং আই.ই.পি. দলকে তাদের কার্যক্রমে নমনীয় হতেই উৎসাহ দেয়।

## নমনীয় পরিকল্পনা কি?

বিশেষ শিক্ষা পরিষেবার পূর্ণ ধারাবাহিকতা ব্যবহার করে ন্যূনতম সীমাবদ্ধতার প্রতিবেশে প্রতিটি ছাত্রের প্রয়োজনীয়তা সম্পন্ন করাই নমনীয় পরিকল্পনা। নমনীয় পরিকল্পনা কার্যকর করার সময় স্কুলগুলি বিশেষ শিক্ষা পরিষেবা মডেল উদ্ভাবন করে নেবে যেগুলি প্রতিটি ছাত্রের জন্য স্বতন্ত্র হবে এবং সাধারণ শিক্ষা সূচিতে পৌছোনোর লক্ষ্যে অগ্রসর হবে। যে পরিষেবা দেওয়া হবে সেটা শিক্ষার্থীদের প্রয়োজনীয়তার সঙ্গে **অবশ্যই** মেলা চাই। আই.ই.পি দল কোনোমতেই নিয়োগ এবং পরিষেবা বিষয়ে শিক্ষার্থীদের কি প্রয়োজন তা না দেখে স্কুলে কি পাওয়া যাচ্ছে তাই দেখে পরামর্শ দেবে না।

## এই সংস্কারের প্রভাব কার উপর পড়বে?

বিশেষ শিক্ষা প্রয়োজন এমন অনেক শিক্ষার্থী সংস্কারের ফলে উপকৃত হবে। প্রতিবন্ধকতার কারণে অক্ষম শিক্ষার্থীদের পিতামাতারা যাঁরা কিন্ডারগার্টেন, 6th গ্রেড (মাধ্যমিক স্কুল), 9th গ্রেড (হাই স্কুল) –এ যাচ্ছেন পাশাপাশি যাঅরা নিউ ইয়র্ক সিটি সরকারী স্কুলে নতুন তাঁরা আবেদন করতে পারেন এবং আই.ই.পি ছাড়া শিক্ষার্থীদের মতই প্রতিবেশী স্কুলে ভর্তি করতে পারেন। তার আগে, যদি আই.ই.পির পরামর্শ মত স্কুলে ক্লাসরুম ও উপযোগী ব্যবস্থাপনা না থাকে তাহলে উপযুক্ত কার্যক্রম আছে এমন স্কুলে শিক্ষার্থীকে স্থানান্তরিত করা হবে। এখন, সমস্ত স্কুলেই প্রতিবন্ধকতার কারণে অক্ষম বেশিরভাগ শিক্ষার্থীদের প্রয়োজনীয় চাহিদা পূরণ করতে পারবে আশা করা হচ্ছে।

যে সমস্ত শিক্ষার্থীদের বিশেষ কার্যক্রমের প্রয়োজন, যেমন দ্বিভাষিক বিশেষ শিক্ষার ক্লাস, এ.এস.ডি নেস্ট প্রোগ্রাম, একটি বেরিয়ার ফ্রি প্রোগ্রাম বা একটি ডিসট্রিক্ট 75 প্রোগ্রাম তাদের এই নীতি থেকে অব্যাহতি দেওয়া হয়। ডি.ও.ই কে এই সমস্ত শিক্ষার্থীদের জন্য এমন স্কুলে প্লেসমেন্টের প্রস্তাব দিতে হবে যেটি তাদের বিশেষ চাহিদা পূরণ করবে।

## প্রতিবন্ধকতার কারণে অক্ষম প্রিস্কুল শিক্ষার্থীদের কি হবে?

বিশেষ শিক্ষা সংস্কার লক্ষ্যণীয় ভাবে প্রিস্কুলে আই.ই.পি সহ শিক্ষার্থীদের কিন্ডারগার্টেনে প্লেসমেন্ট পদ্ধতি বদলে দিয়েছে। আরও জানতে অনুগ্রহ করে এ.এফ.সির **টার্নিং 5: আ গাইড টু দ্য ট্রানজিশন ফ্রম প্রিস্কুল স্পেশাল এডুকেসান টু কিন্ডারগার্টেন** দেখুন, যা এখানে পাওয়া যাবে http://www.advocatesforchildren.org/get_help/guides_and_resources "আর্লি চাইল্ডহুড রিসোর্সেস" এর নিচে।

## এটি কি বিশেষ শিক্ষার প্রণালীর পরিবর্তন সাধন করেছে?

বিশেষ শিক্ষা সংস্কার বিশেষ শিক্ষা প্রক্রিয়াকে বদলে দেবে না। পিতামাতা হিসাবে আপনার অধিকার বদলাচ্ছে **না**। আপনার শিশুর তার আই.ই.পিতে নির্দিষ্ট ক্লাস এবং পরিষেবা পাবার অধিকার বজায় থাকছে, সংশ্লিষ্ট স্কুলে সেটা বর্তমানে থাকুক বা না থাকুক।

## আমি এই সংস্কার সম্পর্কে আরও তথ্য কোথায় পেতে পারি?

এই পরিবর্তনগুলির একটি সংক্ষিপ্ত বিবরণ http://schools.nyc.gov/NR/rdonlyres/E2E8B314-7076-45C0-837F-B2F223F3F9DD/0/OnePagerSpecialEd.pdf. এ পাওয়া যাবে।



**সহায়তামূলক পরামর্শ:**
আপনার সন্তানের সমস্ত স্কুল সম্পর্কিত নথিপত্র (যেমন আই.ই.পি, মূল্যায়ন, রিপোর্ট কার্ড এবং স্কুল থেকে দেওয়া চিঠি) তারিখ অনুসারে সাজিয়ে একটি ফাইলে রাখুন।

# পরিবহন

## আমি কি আমার শিশুর জন্য পরিবহনের সুবিধা পেতে পারি?




বাস বা ভ্যানে পরিবহন সহযোগী পরিষেবা যেটা শিশুর আই.ই.পির সঙ্গে সংযুক্ত হতে পারে। বিশেষত বিশেষ শিক্ষার ছাত্ররা যারা কমিউনিটি স্কুলে যায় তারা আই.ই.পি নেই এমন ছাত্রদের মতই পরিবহনের সুবিধা পেতে পারে। শিশুটির বয়স এবং বাড়ি থেকে স্কুলের দূরত্বের উপর সুবিধা পাবার যোগ্যতা নির্ভর করে। ছাত্ররা বিশিষ্ট পরিবহনের জন্য স্বীকৃত হতে পারে যদি তাদের প্রতিবন্ধকতার জন্য বিশেষ ব্যবস্থার দরকার পড়ে যেমন, শীতাতপ নিয়ন্ত্রণ, বাসে চাপার সময় সীমা অথবা হুইল চেয়ার লিফট। ডি75 এবং বেসরকারী স্কুলের অনেক শিক্ষার্থী বিশেষ পরিবহনের জন্য যোগ্য বিবেচিত হয়।

যদি আপনি আপনার শিশুর জন্য বাসের ব্যবস্থা চান, আপনার শিশুর স্কুলে জেনে নিন, প্রয়োজন হলে মুল্যায়নের প্রতিলিপি জমা দিয়ে প্রক্রিয়া শুরু করুন। আপনার ডাক্তারের কাছ থেকে অতিরিক্ত পরিবহন পরিষেবা প্রয়োজন বলে প্রয়োজনীয় বিবরণ সহ ডি.ও.ইর **রিকোয়েস্ট ফর মেডিক্যাল অ্যাকমডেশনস** ফর্ম পূরণ করে নিন। আপনি আপনার শিশুর স্কুল থেকে অথবা অনলাইনে ফর্মের একটা কপি পেতে পারেন: http://schools.nyc.gov/NR/rdonlyres/98856A9E-517B-4198-8640-2B5BECFA10D4/0/MedicalAccommodationsRequest.pdf.

## পরিবহনের অসুবিধার জন্য আমার কার সঙ্গে যোগাযোগ করা উচিত?

প্রথমেই আপনার শিশুর স্কুলে যোগাযোগ করুন। তার পরেও যদি আপনার কিছু জিজ্ঞাসা থাকে **ছাত্রছাত্রী পরিবহন কার্যালয় (ওপিটি)**তে যোগাযোগ করুন 718-392-8855 এই নম্বরে অথবা এই ওয়েবসাইটে http://schools.nyc.gov/Offices/Transportation/default.htm.

যদি ওপিটি সাহায্য না করে আপনি 311 তে ফোন করতে পারেন এবং বিশেষ শিক্ষা কল সেন্টারের সঙ্গে কথা বলতে চাইতে পারেন। তারপরেও যদি আপনার সমস্যা না মেটে, আপনার নিরপেক্ষ শুনানি প্রক্রিয়ার প্রয়োজন হতে পারে। পরের অংশে নিরপেক্ষ শুনানি এবং অন্যান্য যথাযথ প্রক্রিয়ার অধিকার সম্পর্কে জানুন।

# প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য হাই স্কুল স্নাতক বিকল্পসমূহ

প্রতিবন্ধকতার কারণে অক্ষম একজন শিক্ষার্থীর 21 বছর বয়স পর্যন্ত, অথবা যতদিন না সে রিজেন্টস বা লোকাল ডিপ্লোমা পাচ্ছে ততদিন হাইস্কুলে থাকার অধিকার রয়েছে৷ এছাড়াও শিক্ষার্থীরা **কেরিয়ার ডেভেলপমেন্ট অ্যান্ড অকুপেশনাল স্টাডিজ (সি.ডি.ও.এস) কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল** নামক বৃত্তিমূলক সার্টিফিকেটের জন্যেও পড়াশুনা করতে পারবেন৷ যে সমস্ত শিক্ষার্থীরা বিকল্প মূল্যায়ন ট্র্যাকে আছে তারা ডিপ্লোমা প্রাপ্ত করেন না এবং **স্কিলস অ্যান্ড অ্যাচিভমেন্ট কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল (এস.এ.সি.সি)** পাওয়ার যোগ্য৷

## ডিপ্লোমার বিকল্পসমূহ

### রিজেন্টস অথবা অ্যাডভান্সড রিজেন্টস ডিপ্লোমা

এই নির্দেশিকা প্রকাশ করার সময় অর্থাৎ জুন 2016 থেকে নিউ ইয়র্ক স্টেট হাই স্কুলের সেই সমস্ত শিক্ষার্থীদের রিজেন্টস ডিপ্লোমা দেওয়া হয় যারা:

- যারা বিভিন্ন কোর্সে **22টি ক্রেডিট (এন.ওয়াই.সি তে 44 ক্রেডিট)** অর্জন করেছেন; **এবং**
- ***4টি রিজেন্টস পরীক্ষায়*** পাশ নম্বর 65 বা তার বেশি পেয়েছেন, <u>সেই সঙ্গে</u> ***অন্য একটি স্টেট অনুমোদিত পরীক্ষায়*** পাশ নম্বর পেয়েছেন

4টি আবশ্যিক রিজেন্টস পরীক্ষা হল: ইংরাজি ল্যাঙ্গুয়েজ আর্টস, একটি অঙ্ক, একটি ইতিহাস (ইউ.এস. এর ইতিহাস বা বিশ্বের ইতিহাস) এবং একটি বিজ্ঞান। তাদের পঞ্চম পরীক্ষার জন্য শিক্ষার্থীরা একটি অ্যাডভান্সড প্লেসমেন্ট (এ.পি) বা এস.এ.টি II স্কোর, একটি স্টেট অনুমোদিত কেরিয়ার এবং টেকনিক্যাল এডুকেশন (সি.টি.ই) পরীক্ষা, একটি অতিরিক্ত রিজেন্টস পরীক্ষা বা কেরিয়ার ডেভেলপমেন্ট অ্যান্ড অকুপেশনাল স্টাডিজ (সি.ডি.ও.এস) কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল ব্যবহার করতে পারে৷

***দ্রষ্টব্য:*** যদি একজন শিক্ষার্থী একটি বা দুটি রিজেন্টস পরীক্ষায় 65 এর কম নম্বর পান তাহলে তিনি পরীক্ষার জন্য আপীল করতে পারেন এবং সে সত্ত্বেও স্নাতক হতে পারেন। আরও তথ্যের জন্য এ.এফ.সি–র তথ্য পত্র ***হাই স্কুল গ্রাজুয়েশন অপশনস ফর স্টুডেন্টস উইথ ডিজেবেলিটিস*** এবং ***আপীল অপশনস ফর রিজেন্টস এগজ্যামস*** দেখুন, এই দুটিই <u>http://www.advocatesforchildren.org/get_help/guides_and_resources</u> এ “ওল্ডার স্টুডেন্টস, গ্র্যাজুয়েশন রিকোয়ারমেন্টস, অ্যান্ড ট্রানজিশন” এর নিচে উপলব্ধ।

### স্থানীয় ডিপ্লোমা

যেসমস্ত শিক্ষার্থীরা রিজেন্টস ডিপ্লোমার সমস্ত যোগ্যতা পূরণ করেন না কিন্তু যারা অন্যান্য মানদণ্ড পূরণ করেন তারা স্থানীয় ডিপ্লোমা পাওয়ার যোগ্য। এই মানদণ্ডগুলির মধ্যে আছে রিজেন্টস পরীক্ষার জন্য ভিন্ন পাশ মার্কস এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য ভিন্ন বিকল্প। যেসমস্ত শিক্ষার্থীরা স্থানীয় ডিপ্লোমা নিয়ে স্নাতক হবেন তারা কলেজে ভর্তি হওয়ার বা সৈন্যদলে যোগদান করার যোগ্য হবেন। স্থানীয় ডিপ্লোমা পাওয়ার প্রক্রিয়া পরিবর্তিত হচ্ছে এবং একজন শিক্ষার্থী কখন 9ম গ্রেডে প্রবেশ করেছেন তার ওপর নির্ভর করে আবশ্যকতাগুলি ভিন্ন হয়। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে এ.এফ.সি–র তথ্য পত্র ***হাই স্কুল গ্রাজুয়েশন অপশনস ফর স্টুডেন্টস উইথ ডিজেবেলিটিস*** দেখুন৷

# কেরিয়ার ডেভেলপমেন্ট অ্যান্ড অকুপেশনাল স্টাডিজ (সি.ডি.ও.এস) কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল কি?

কেরিয়ার ডেভেলপমেন্ট অ্যান্ড অকুপেশনাল স্টাডিজ (সি.ডি.ও.এস) কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল হল একটি সার্টিফিকেট যার উদ্দেশ্য একজন শিক্ষার্থীর প্রবেশিকা স্তরে কাজ করতে প্রস্তুত থাকা সূচিত করা। সি.ডি.ও.এস কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল সেই সমস্ত শিক্ষার্থীরা পেতে পারেন যাদের নিউ ইয়র্ক স্টেট অল্টারনেট অ্যাসেসমেন্ট ব্যবহার করে মূল্যায়ন করা হয় না। সি.ডি.ও.এস কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল প্রাপ্ত একজন শিক্ষার্থী একটি রিজেন্টস বা স্থানীয় ডিপ্লোমাও অর্জন করতে পারেন অথবা শুধুমাত্র সি.ডি.ও.এস কমেন্সমেন্ট ক্রেডেনশিয়ালের সাথে হাই স্কুল সম্পূর্ণ করতে পারেন। যেসমস্ত শিক্ষার্থীরা রিজেন্টস বা স্থানীয় ডিপ্লোমা পাওয়ার জন্য পড়াশুনা করছেন তারা স্নাতক হওয়ার জন্য আবশ্যিক পাঁচটি পরীক্ষার মধ্যে একটির পরিবর্তে সি.ডি.ও.এস কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল ব্যবহার করতে পারবেন। শিক্ষার্থীরা নিম্নলিখিত দুটি পদ্ধতির যেকোনো একটি ব্যবহার করে সি.ডি.ও.এস কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল অর্জন করতে পারবেন :

(1) শিক্ষার্থীকে নীচের সবকটি সম্পূর্ণ করতে হবে:

- একটি পেশাগত পরিকল্পনা সম্পূর্ণ করা এবং বার্ষিক ভিত্তিতে পর্যালোচনা করা যাতে পেশাগত আগ্রহ, শক্তি এবং দুর্বলতা, পেশাগত লক্ষ্য, এবং সেই লক্ষ্যগুলি অর্জন করতে শিক্ষার্থীকে সাহায্য করার জন্য পাঠক্রমের কাজ বা শিক্ষণ অভিজ্ঞতা অন্তর্ভুক্ত থাকবে;
- কাজ ভিত্তিক শিক্ষণ, সিটিই কোর্সসমূহ, বা অন্যান্য পেশা পরিকল্পনার কার্যকলাপের 54-ঘন্টার চারটি ইউনিট (মোট 216 ঘন্টা) সম্পূর্ণ করা, যেমন:
  - → ইন্টার্নশিপ, জব শ্যাডোয়িং বা সেবামূলক শিক্ষণ
  - → এমন কোর্স যেগুলি একটি অনুমোদিত সি.টি.ই ক্রমের অংশ
  - → পেশা পরিকল্পনা কেন্দ্রিক পরামর্শ
- শিক্ষার্থীর স্কুলের দ্বারা সম্পূর্ণ করা একটি নিয়োগ-যোগ্যতার প্রোফাইল যা প্রদর্শন করে যে শিক্ষার্থী সি.ডি.ও.এস মানদণ্ড রপ্ত করেছেন; অথবা

(2) শিক্ষার্থীকে কাজের জন্য প্রস্তুত থাকার জাতীয় স্তরে স্বীকৃত যে বিভিন্ন শংসাপত্র আছে তার একটি অর্জন করতে হবে। এই জাতীয় স্তরে স্বীকৃত শংসাপত্রগুলির উদাহরণ হল:

- স্কিলসইউএসএ ওয়ার্কফোর্স রেডি এমপ্লয়বিলিটি অ্যাসেসমেন্ট: www.workforcereadysystem.org/assessments.shtml
- ন্যাশনাল ওয়ার্ক রেডিনেস ক্রেডেনশিয়াল (এন.ডব্লিউ.আর.সি):www.workreadiness.com/
- এ.সি.টি ন্যাশনাল কেরিয়ার রেডিনেস সার্টিফিকেট: www.act.org/products/workforce-act-national-career-readiness-certificate/
- সি.এ.এস.এ.এস ওয়ার্কফোর্স স্কিলস অ্যান্ড সার্টিফিকেশন সিস্টেম : www.casas.org/product-overviews/assessments/WSCS

সি.ডি.ও.এস কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল সম্পর্কে আরো তথ্যের জন্য দেখুন: http://www.p12.nysed.gov/specialed/gradrequirements/CDOS-QA-Aug14.pdf. একজন শিক্ষার্থীর সি.ডি.ও.এস ক্রেডেনশিয়ালের জন্য করা কাজকর্ম কিভাবে উত্তরণের পরিকল্পনার সঙ্গে সঙ্গতিপূর্ণ সেই সম্পর্কে আরো তথ্যের জন্য দেখুন: http://www.p12.nysed.gov/specialed/publications/CDOScredential-att6.htm।

**দ্রষ্টব্য:**

স্নাতক হওয়ার জন্য আবশ্যকতা এবং বিকল্পগুলি 2015-16 স্কুল বর্ষে পরিবর্তিত হচ্ছে এবং পরিবর্তিত হতে থাকতে পারে। সবচেয়ে সাম্প্রতিক তথ্যের জন্য অনুগ্রহ করে স্টেট শিক্ষা দপ্তরের ওয়েবসাইট http://www.p12.nysed.gov/ciai/EducationLawandRegulations.html, দেখুন বা or এ.এফ.সি-র ওয়েবসাইট http://www.advocatesforchildren.org/get_help/guides_and_resources দেখুন এবং "ওল্ডার স্টুডেন্টস, গ্র্যাজুয়েশন রিকোয়ারমেন্টস, অ্যান্ড ট্রানজিশন" এর নীচে প্রদত্ত সংস্থানগুলি দেখুন।

## আই.ই.পি ডিপ্লোমা কি?

আই.ই.পি ডিপ্লোমা সার্টিফিকেট যা প্রতিবন্ধী শিক্ষার্থী যারা ডিপ্লোমার আবশ্যকতা পূরণ করতে পারতেন না তাদের দেওয়া হত। আই.ই.পি ডিপ্লোমা দেওয়ার অর্থ ছিল যে একজন শিক্ষার্থী তার সমস্ত আই.ই.পি লক্ষ্য পূরণ করেছেন। জুলাই 1, 2013 থেকে আই.ই.পি ডিপ্লোমা বন্ধ করে দেওয়া হয় এবং তার পরিবর্তে যে সমস্ত শিক্ষার্থীরা বিকল্প মূল্যায়নের ট্র্যাকে আছেন তাদের জন্য স্কিলস অ্যান্ড অ্যাচিভমেন্ট কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল (এস.এ.সি.সি) এবং যে সমস্ত শিক্ষার্থীরা রিজেন্টস বা স্থানীয় ডিপ্লোমার জন্য পড়াশুনা চালিয়ে যেতে পারেন তাদের জন্য কেরিয়ার ডেভেলপমেন্ট অ্যান্ড অকুপেশনাল স্টাডিজ (সি.ডি.ও.এস) নামক দুটি নতুন বিকল্প নিয়ে আসা হয়েছে।

## স্কিলস অ্যান্ড অ্যাচিভমেন্ট কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল কি (SACC)?

জুলাই 1, 2013 থেকে এই শংসাপত্রটি সেই সমস্ত ছাত্রদের জন্য উপলব্ধ করা হয়েছিল যাদের গুরুতর অক্ষমতা আছে, যারা তাদের অক্ষমতার কারণে নিয়মিত স্টেট পরীক্ষাগুলি দিতে পারেন না এবং তার পরিবর্তে নিউ ইয়র্ক স্টেট অল্টারনেট অ্যাসেসমেন্ট (এন.ওয়াই.এস.এ.এ) দেন। শিক্ষার্থীদের অবশ্যই কিন্ডারগার্টেন ছাড়া কমপক্ষে 12 বছর স্কুলে যেতে হবে, অন্য কোথাও থেকে উল্লেখযোগ্য সমতুল্য শিক্ষা পেতে হবে অথবা যে বছর তার বয়স 21 হবে সেই শিক্ষা বর্ষের শেষে পৌঁছতে হবে। শংসাপত্রটি দর্শাতে চায় শিক্ষার্থীটি প্রাথমিক স্তরের কাজ করার জন্য প্রস্তুত। এটি স্টুডেন্ট এক্সিট সামারি সহ প্রদান করা হয়, যা শিক্ষার্থীটির কেতাবি অর্জন এবং কার্যকরী প্রয়োগ ক্ষমতার নথি।

**মনে রাখা জরুরী যে, স্কিলস অ্যান্ড অ্যাচিভমেন্ট কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল নিয়মিত হাইস্কুল ডিপ্লোমার সমতুল নয়।** স্কিলস অ্যান্ড অ্যাচিভমেন্ট কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল সম্পর্কে আরও তথ্যের জন্য, দেখুন http://www.p12.nysed.gov/specialed/publications/SACCmemo.htm.



# উত্তরণের পরিষেবাসমূহ

## উত্তরণের পরিষেবাগুলি কি?

একটি উত্তরণের পরিকল্পনা একজন যুবার দীর্ঘমেয়াদি লক্ষ্য বর্ণনা করে এবং সেই কার্যকলাপ এবং পরিষেবাগুলির বিবরণ দেয় যেগুলি তাকে এই লক্ষ্যগুলি পূরণ করতে এবং সফলভাবে হাই স্কুলের পরবর্তী জীবনে উত্তরণ ঘটাতে প্রস্তুত করবে। এই পরিষেবাগুলির উদাহরণগুলির মধ্যে আছে জীবিকা সম্বন্ধে খোঁজখবর এবং কাজের প্রশিক্ষণ; কমিউনিটির অভিজ্ঞতা যেমন স্বেচ্ছাসেবামূলক কাজ; কলেজ বা বৃত্তিমূলক কার্যক্রমে আবেদন করার জন্য সাহায্য; এবং দৈনিক জীবনযাপনের কাজগুলি রপ্ত করা যেমন টাকার ব্যবহার শেখা এবং যাতায়াতের প্রশিক্ষণ।

শিক্ষার্থীর যে বছর 15 বছর বয়স হবে সেই বছরে আই.ই.পি-তে উত্তরণের পরিষেবাগুলি অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে এবং প্রতি বছর আই.ই.পি মিটিং-এ সেগুলি পর্যালোচনা করতে হবে। শিক্ষার্থীদের তাদের নিজের উত্তরণের পরিকল্পনায় অংশগ্রহণ করতে হবে এবং উত্তরণের পরিকল্পনায় শিক্ষার্থীর নিজস্ব চাহিদা, শক্তি, পছন্দ এবং আগ্রহ অন্তর্ভুক্ত করতে হবে।

## উত্তরণের পরিষেবা কারা প্রদান করেন?

প্রত্যেক পরিষেবা বা কার্যকলাপের দায়িত্ব কার সেটি আই.ই.পি তে নির্দিষ্ট করতে হবে। এতে শিক্ষার্থী, পিতামাতা, স্কুল বা বাইরের একটি উপযুক্ত এজেন্সি বা প্রদানকারীকে অন্তর্ভুক্ত করা যেতে পারে। নিউ ইয়র্কে প্রতিবন্ধী যুবাদের পরিষেবা প্রদানকারী সবচেয়ে বড় এজেন্সিগুলি হল:

- **অ্যাডাল্ট কেরিয়ার অ্যান্ড কন্টিনিউইং এডুকেশন সার্ভিসেস-ভোকেশনাল রিহ্যাবিলিটেশন (এ.সি.সি.ই.এস-ভি.আর)**
  http://www.acces.nysed.gov/vr/transition-and-youth-services
  প্রতিবন্ধী ব্যক্তিদের জীবিকার জন্য প্রস্তুত করতে বিভিন্ন ধরনের পরিষেবা প্রদান করে। যুবাদের আবেদন করতে হবে এবং পরিষেবা পাওয়ার যোগ্য হতে হবে।
- **নিউ ইয়র্ক স্টেট অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিস (ও.পি.ডব্লিউ.ডি.ডি)**
  www.opwdd.ny.gov
  বিকাশগত এবং মেধাগত অক্ষমতা সহ ব্যক্তিদের কাউন্সেলিং এবং সহায়ক আবাসন সহ বিভিন্ন পরিষেবা প্রদান করে।
- **নিউ ইয়র্ক স্টেট অফিস অফ মেন্টাল হেলথ (ও.এম.এইচ)**
  http://www.omh.ny.gov/omhweb/consumer_affairs/transition_youth/resources/
  মানসিক স্বাস্থ্য সংক্রান্ত অক্ষমতা সহ ব্যক্তিদের বিভিন্ন পরিষেবা এবং সংস্থান প্রদান করে।

আরও তথ্যের জন্য http://www.advocatesforchildren.org/get_help/guides_and_resources এ উপলব্ধ এ.এফ.সি-র *গাইড টু ট্রানজিশন সার্ভিসেস* দেখুন।

# ভাগ II

## অনানুষ্ঠানিকভাবে বিরোধের মীমাংসা

### স্কুল থেকে শুরু করুন!

আপনার সন্তানের শিক্ষক, স্কুলের মনোবিদ বা প্রিন্সিপালের সঙ্গে কথা বলুন। সমস্যাকে তুলে ধরা কঠিন কিন্তু প্রথমে চেষ্টা করা এবং তাদের সঙ্গে সমস্যার সমাধান করা গুরুত্বপূর্ণ। আপনার সমস্ত কথোপকথনের বিবরণ লিখে রাখুন।

### সুপারিন্টেনডেন্টের অফিস



আপনি যদি আপনার স্কুলের সঙ্গে সমস্যার সমাধান করতে না পারেন তাহলে সুপারিন্টেনডেন্টের অফিসে ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটরের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করুন। আপনি প্যারেন্ট কোঅর্ডিনেটরকে জিজ্ঞাসা করে বা ডি.ও.ই-র ওয়েবসাইটে http://schools.nyc.gov/ আপনার স্কুলের ওয়েবসাইট খুঁজে নিয়ে এবং স্ক্রিনের নীচে ডানদিকে দেখে থেকে ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটরের সঙ্গে যোগাযোগের তথ্য জানতে পারবেন। অবশ্যই যতটা সম্ভব স্পষ্টভাবে আপনার সমস্যা বোঝানোর চেষ্টা করবেন এবং ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটরকে অবশ্যই জানাবেন যে স্কুলের সঙ্গে কথা বলে কি হয়েছে। ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটর সমস্যার সমাধান করার জন্য বরো ফ্যামিলি সাপোর্ট সেন্টারের (বি.এফ.এস.সি) সঙ্গে কাজ করতে পারেন এবং সেখানকার একজন বিশেষ শিক্ষা বিশেষজ্ঞের সঙ্গে আপনার যোগাযোগ করিয়ে দিতে পারেন।

### ডি.ও.ই সেন্ট্রাল

এছাড়াও আপনি ডি.ও.ই-র বিশেষ শিক্ষা হটলাইন 718-935-2007 এ কল করতে পারেন বা 311 এ কল করে অফিস অফ স্পেশাল এডুকেশনের সঙ্গে কথা বলতে চাইতে পারেন।

# যথাযথ প্রক্রিয়ার অধিকার

আইনের অধীনে বিশেষ শিক্ষা প্রক্রিয়ার সময় আপনার নির্দিষ্ট কিছু অধিকার আছে এবং আপনি যদি মনে করেন যে আপনার, বা আপনার সন্তানের অধিকার লঙ্ঘন করা হয়েছে তাহলে একটি সমাধান খোঁজার সংস্থান আছে। নিচে আপনার কিছু অধিকার ও ডি.ও.ই-র সাথে বিবাদ মেটানোর পথগুলির সংক্ষিপ্ত বিবরণ আছে।

## পদ্ধতিগত সুরক্ষা বিজ্ঞপ্তির অধিকার



ডি.ও.ই অবশ্যই আপনাকে "পদ্ধতিগত সুরক্ষা," একটি বিজ্ঞপ্তি যা বিশেষ শিক্ষা সংক্রান্ত আপনার আইনগত অধিকার বর্ণনা করে, সেটার একটি কপি দেবে, যখন:

- আপনার সন্তানকে বিশেষ শিক্ষার জন্য প্রথম সুপারিশ করা হয়;
- আপনি আপনার সন্তানের একটি মূল্যায়নের জন্য অনুরোধ করেন;
- আপনি একটি নিরপেক্ষ শুনানির জন্য অনুরোধ করেন
- আপনি বিজ্ঞপ্তির একটি কপি চান; এবং
- পরবর্তীকালে প্রতি বছরে একবার।

আপনার সন্তানের জন্য ডি.ও.ই-এর সুপারিশের আপত্তি করার অধিকার পদ্ধতিগত সুরক্ষার অন্তর্ভুক্ত।

## লিখিত বিজ্ঞপ্তির অধিকার

আপনার সন্তানের আই.ই.পি, প্রতিবন্ধকতার শ্রেণীবিভাগ, মূল্যায়ন বা প্লেসমেন্টে কোনো প্রস্তাবিত পরিবর্তন করতে, ডি.ও.ই আপনাকে অবশ্যই কোন যুক্তিসঙ্গত সময়ের মধ্যে "পূর্ববর্তী লিখিত বিজ্ঞপ্তি," পাঠাবে। যদি আপনার মূল্যায়নের জন্য অনুরোধের সঙ্গে একমত না হলে ডিস্ট্রিক্টও অবশ্যই উত্তর দেবে। কোন উত্তর নিশ্চিত করার জন্য, সর্বদা আপনার অনুরোধ লিখিতভাবে করুন।

## নির্ণয়কার্যকাল: আপনার সন্তানকে বর্তমান প্লেসমেন্টের মধ্যে রাখার অধিকার

মধ্যস্থতা বা নিরপেক্ষ শুনানির জন্য আপনার ফাইল করার *পর* কোন চূড়ান্ত সিদ্ধান্ত বা সমঝোতায় না পৌঁছানো পর্যন্ত আপনার সন্তানের বর্তমান প্লেসমেন্টে থাকার অধিকার থাকে যদি না আপনি কোন পৃথক প্লেসমেন্টের জন্য সম্মতি দেন। এটাকে বলা হয়: ***"সমঅবস্থায় থাকা", "নির্ণয়কার্যকাল"*** বা ***"স্থিতাবস্থা"***। যদি এটি না ঘটে, ডি.ও.ই কে "নির্ণয়কার্যকাল" কার্যকরী করতে বলুন। যদি ডি.ও.ই তা না করে, মধ্যস্থকারী বা নিরপেক্ষ শুনানির কর্মকর্তার কাছে এই বিষয়টি তুলুন।

# মধ্যস্থতা

## মধ্যস্থতা কি?

মধ্যস্থতা হল আপনি, একজন ডি.ও.ই প্রতিনিধি, এবং একজন বাইরের মধ্যস্থতাকারীর মধ্যে একটি সভা যেখানে আপনারা মতের অমিল মেটাতে চেষ্টা করেন। মধ্যস্থতাকারী কোন বিচারক নন, তবে একজন নিরপেক্ষ ব্যক্তি যিনি পক্ষদের নিজেদের বিবাদ সম্পর্কে সহমতে পৌঁছতে প্রশিক্ষণপ্রাপ্ত। যেকোন পক্ষের মধ্যস্থতার বিবৃতি গোপনীয় হবে এবং কোন নিরপেক্ষ শুনানির পরে ব্যবহার করা যাবে না। মধ্যস্থতায় উভয় পক্ষ সহমতে এলে, আপনি এবং ডি.ও.ই অবশ্যই সহমতকে মান্য করবেন।

মধ্যস্থতার অনুরোধ করার জন্য একটি চিঠি লিখুন এবং স্কুলের প্রিন্সিপাল বা সি.এস.ই এবং স্থানীয় মধ্যস্থতা কেন্দ্রকে তার কপি দিন। আপনি মধ্যস্থতা কেন্দ্রের একটি তালিকা এবং একটি মধ্যস্থতা অনুরোধ চিঠির নমুনা এখানে পেতে পারেন http://www.p12.nysed.gov/specialed/publications/policy/mediationrequest.htm.

## মধ্যস্থতার প্রয়োজন আছে?

মধ্যস্থতায় অংশগ্রহণের কোন প্রয়োজন নেই। এটি একটি সম্পূর্ণ স্বেচ্ছাসেবী প্রক্রিয়া, এবং এটি এগিয়ে যাওয়ার জন্য মধ্যস্থতা করতে উভয় পক্ষকে সম্মত হতে হবে। আপনি মধ্যস্থতা করতে না চাইলে, এমনকি মধ্যস্থতা প্রক্রিয়া শুরু করার পরেও আপনি যে কোনো সময়ে একটি নিরপেক্ষ শুনানির জন্য বলতে পারেন।

## আমি কখন মধ্যস্থতা করতে চাই?

আপনি আপনার সন্তানের স্কুলে বা কোন পৃথক সরকারী স্কুল প্লেসমেন্টে পরিষেবা চাইলে মধ্যস্থতা বিশেষভাবে কার্যকরী হতে পারে। তবে, আপনি কোন বেসরকারী স্কুলে প্লেসমেন্ট চাইলে, আপনার সম্ভবত কোন নিরপেক্ষ শুনানির জন্য দায়ের করা উচিত।

# স্টেট পর্যায় অভিযোগ

স্কুল ডিস্ট্রিক্ট কর্তৃক কোনো বিশেষ শিক্ষা আইন লঙ্ঘন সংক্রান্ত কোন অভিযোগ **নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট-এর** কাছে দায়ের করার অধিকার আপনার আছে। স্টেট অভিযোগ ফর্মের নমুনার জন্য, দেখুন: http://www.p12.nysed.gov/specialed/publications/policy/covercomplaint.htm. স্টেট যদি দেখে যে স্কুল ডিস্ট্রিক্ট, আপনার সন্তানকে পরিষেবা প্রদান করতে ব্যর্থ হয়েছে, তবে ডিস্ট্রিক্টকে আইন লঙ্ঘন সংশোধন, পরিষেবা প্রদান, বা পুরস্কার দেওয়ার নির্দেশ দিতে পারে। স্টেট কোন স্কুল ডিস্ট্রিক্টকে প্রযুক্তিগত সহায়তা প্রদান করতেও পারে। এই ধরনের অভিযোগ মীমাংসার জন্য সময়কাল হল 60 দিন।

# নিরপেক্ষ শুনানি

যখনই আপনি অনুভব করেন ডি.ও.ই আপনার সন্তানের বিশেষ শিক্ষা অধিকার লঙ্ঘন করেছে বা আপনার সন্তানের বিশেষ শিক্ষা প্লেসমেন্ট, পরিষেবা, মূল্যায়ন, শ্রেণীবিভাগ, বা বিশেষ শিক্ষার জন্য যোগ্যতা সম্পর্কে ডি.ও.ই-এর সঙ্গে মতানৈক্য হলে **নিরপেক্ষ শুনানি** অনুরোধ করার আপনার অধিকার আছে।

## নিরপেক্ষ শুনানি কি?

কোন নিরপেক্ষ শুনানি প্রশাসনিক প্রক্রিয়া নিরপেক্ষ শুনানি কর্মকর্তা, যিনি আপনার কেসের জন্য একজন বিচারক হিসাবে কাজ করেন তাঁর সামনে অনুষ্ঠিত হয়। শুনানি কর্মকর্তা একজন স্বাধীন সিদ্ধান্তকারী যিনি ডি.ও.ই -এর কোন কর্মী নন। সাক্ষ্য শুনানির এবং আপনি ও স্কুল ডিস্ট্রিক্ট উভয় থেকে প্রমাণ গ্রহণের পর কোন সমাধান উপযুক্ত সে সিদ্ধান্ত নেবার তাঁর ক্ষমতা আছে। শুনানি একটি সম্মেলন ঘরে একটি টেবিলের চারপাশে সঞ্চালিত হয়। যেহেতু শুনানি একটি আনুষ্ঠানিক প্রক্রিয়া, পিতামাতারা তাঁদের প্রতিনিধিত্ব করতে, একজন উকিল বা অ্যাটর্নি আনতে পারেন, যদিও নিউ ইয়র্ক সিটির অনেক পিতামাতারা সফলভাবে নিজেরাই শুনানি সম্পূর্ণ করেন।

**দ্রষ্টব্য:**

মধ্যস্থতা সংক্রান্ত আরও তথ্যের জন্য *স্পেশাল এডুকেশন মেডিয়েশন* ম্যানুয়ালটি দেখুন যেটি http://www.advocatesforchildren.org/sites/default/files/library/sp_ed_mediation_2010.pdf এ উপলব্ধ। নিরপেক্ষ শুনানি সম্পর্কে আরও বিস্তারিত তথ্যের জন্য এ.এফ.সি-র *গাইড টু ইম্পার্শিয়াল হিয়ারিং* দেখুন যেটি http://www.advocatesforchildren.org/get_help/guides_and_resources তে "স্টুডেন্টস উইথ ডিজেবিলিটির" অধীনে উপলব্ধ।

## সিদ্ধান্ত কি চূড়ান্ত?

একটি শুনানির অফিসারের সিদ্ধান্ত চূড়ান্ত এবং আপনি এবং ডি.ও.ই উভয়ের দ্বারাই তা অনুসরণ করা আবশ্যক, তা না হলে উভয় পক্ষ **স্টেট পর্যালোচনা কর্মকর্তা (এস.আর.ও)**-র কাছে আবেদন করতে পারেন। আবেদন সংক্রান্ত আরো তথ্যের জন্য, দেখুন www.sro.nysed.gov.

## কোন শুনানি দায়ের করার জন্য আমি কতদিন পাব?

নিউ ইয়র্ক স্টেটে, আপনি যে সমস্যা মেটাতে ইচ্ছুক সেটি সম্পর্কে "জানতেন বা জানা উচিত থাকা"র সময়ের বা ডি.ও.ই-এর আপনার অধিকার লঙ্ঘনে **দুই বছরের মধ্যে** আপনার কোন শুনানির অনুরোধ করা আবশ্যক। এটিকে **"সীমাবদ্ধতার সংবিধি"** বলা হয়। সমস্যা দুই বছরের বেশি আগে ঘটলে, কিন্তু আপনি আপনার অধিকার সম্পর্কে অবগত না হলে – উদাহরণস্বরূপ, ডি.ও.ই আপনাকে কখনওই পদ্ধতিগত সুরক্ষা বিজ্ঞপ্তির কোন কপি না দিলে – সীমাবদ্ধতা সংবিধি প্রযোজ্য নয় বলে আপনি তর্ক করতে পারেন এবং তখনও সমস্যা সংক্রান্ত কোন শুনানি দায়ের করতে আপনার সক্ষম হওয়া উচিত।

## একটি নিরপেক্ষ শুনানির জন্য সময়কাল কি?

নিরপেক্ষ শুনানির জন্য সময়কাল মামলার ক্ষেত্রে পরিবর্তিত হয়। আপনার দায়ের করার পর, একটি আবশ্যিক সিদ্ধান্তকাল, 30 দিন পর্যন্ত স্থায়ী হতে পারে, তবে আরো দ্রুত শেষ হতে পারে বা উভয় পক্ষের দ্বারা পরিত্যক্ত হতে পারে। সিদ্ধান্তকাল একবার শেষ হলে, প্রথম শুনানির তারিখ 14 দিনের মধ্যে নির্ধারণ করা আবশ্যক, তবে উভয় পক্ষই একমত হলে শীঘ্রতর বা বিলম্বিত হতে পারে। একটি শুনানির জন্য এক দিন লাগতে পারে বা একাধিক তারিখ প্রয়োজন হতে পারে। আইনে নির্দেশিত যে একটি সিদ্ধান্ত প্রথম শুনানির তারিখের 45 দিনের মধ্যে জারি করতে হবে, কিন্তু এটাও বাড়ানো যেতে পারে।

এর মানে কি? স্থগিতকরণ এবং আপনার কেসে সমস্যার সংখ্যার ওপর নির্ভর করে এটা আপনার শুনানির জন্য অনুরোধ করার দিন থেকে আপনার কোন সিদ্ধান্ত গ্রহণ পর্যন্ত তিন মাস বা তার বেশি সময় নিতে পারে। অন্য দিকে, আপনি আপনার সমস্যা বাস্তবিকপক্ষে দু-এক সপ্তাহের মধ্যে ডি.ও.ই সঙ্গে নিষ্পত্তির করতে পারেন, কোন শুনানির মধ্যে দিয়ে যাওয়ার প্রয়োজন নেই।

## আমি কিভাবে একটি নিরপেক্ষ শুনানির অনুরোধ করব?

নিরপেক্ষ শুনানির অফিসে একটি শুনানির অনুরোধ করে একটি চিঠি জমা দিন, বা ডি.ও.ই ওয়েবসাইট http://schools.nyc.gov/NR/exeres/9914376B-5893-432A-A8B9-9CE42B1CEA50.htm ফর্ম ব্যবহার করুন। অনুরূপ একটি ফর্ম, স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের ওয়েবসাইটে পাওয়া যায়: http://www.p12.nysed.gov/specialed/publications/policy/dueprocess7105.doc

আপনার শুনানির অনুরোধে অন্তত নিম্নলিখিত তথ্য অন্তর্ভুক্ত করা উচিত:

- শিশুর নাম, জন্ম তারিখ, এবং নিউ ইয়র্ক সিটি আইডি নম্বর (ও.এস.আই.এস নম্বর), জানা থাকলে;
- শিশুর বাড়ির ঠিকানা, অথবা গৃহহীন হলে অন্যান্য যোগাযোগের তথ্য;
- আপনার সন্তানের উপস্থিত থাকা স্কুলের নাম ও ঠিকানা, যদি থাকে;
- যে স্কুল ডিস্ট্রিক্ট আপনি বাস করেন এবং যেখানে আপনার সন্তান স্কুলে উপস্থিত যায়, প্রযোজ্য হলে;
- কেন আপনি শুনানির অনুরোধ করছেন; এবং
- শুনানি থেকে আপনার কি ফলাফল কাঙ্খিত (আপনি যা চান তা নির্দিষ্ট করুন)।

**আপনার অনুরোধ পাঠান এখানে:**
স্টেসি রিভস, চীফ অ্যাডমিনিস্ট্রেটর
এনওয়াইসি ডিপার্টমেন্ট অফ এডুকেশন
নিরপেক্ষ শুনানির কার্যালয়
131 Livingston Street, Room 201
Brooklyn, NY 11201
ফোন: 718-935-3280
ফ্যাক্স: 718-935-2528
ihoquest@school.nyc.gov

**অতিরিক্তভাবে, আপনার অনুরোধের একটি কপি স্পেশাল এডুকেশন স্টেট অফিসে পাঠান এখানে:**
নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট
নিরপেক্ষ শুনানি ইউনিট
89 Washington Avenue, Room EB307M
Albany, New York 12234
মনোনিবেশ: নিরপেক্ষ শুনানি রিপোর্টিং ব্যবস্থা

সর্বদা, আপনি ডি.ও.ই-তে বা স্টেট এডুকেশন ডিপার্টমেন্টে পাঠানোর সব প্রমাণের কপি, প্রমাণ প্রাপ্তি সহ রাখুন। একটি শুনানির জন্য আপনার অনুরোধ গ্রহণ করা হয়েছিল তা নিশ্চিত করতে দুই-এক দিনে শুনানি অফিসে ফোন করার এটি ভাল বুদ্ধি।

# সিদ্ধান্ত নির্ণয়মূলক অধিবেশনসমূহ

## সিদ্ধান্ত নির্ণয়মূলক অধিবেশন কি?

সিদ্ধান্ত নির্ণয়মূলক অধিবেশন হল একটি সভা যা আপনার ও আপনার নিরপেক্ষ শুনানির অনুরোধে উঠে আসা বিষয়গুলির সমাধান করার অধিকার প্রাপ্ত ডি.ও.ই প্রতিনিধির মধ্যে হবে। সভাতে আপনি বিষয়গুলি ডি.ও.ই প্রতিনিধির সাথে আলোচনা করবেন সমাধানের উদ্দেশ্য নিয়ে যাতে আর শুনানির মধ্যে যেতে না হয়। নিরপেক্ষ শুনানির কার্যালয় আপনার আবেদন পাওয়ার পর, তারা এটির একটি প্রতিলিপি পাঠাবে যথাযোগ্য সি.এস.ই. বা সি.এফ.এন. কে। সি.এস.ই. বা সি.এফ.এন.'এর 15 দিন সময় থাকে আপনার সাথে যোগাযোগ করে সিদ্ধান্ত নির্ণয়মূলক অধিবেশন ডাকার, তারপর আরও 15 দিন সময় থাকে সমস্যাটি সমাধানের জন্য। আপনাকে অবশ্যই সিদ্ধান্ত নির্ণয়মূলক অধিবেশনের আমন্ত্রণে সাড়া দিতে হবে, হয় সভার সময় সম্পর্কে সহমত হয়ে, অথবা একটি নতুন সময়ের অনুরোধ জানিয়ে, বা সভা পরিত্যাগ করতে বলে।

## আমায় কি সিদ্ধান্ত নির্ণয়মূলক অধিবেশনে অংশগ্রহণ করতে হবে?

সিদ্ধান্ত নির্ণয়মূলক অধিবেশন একমাত্র পরিত্যাগ করা যায় যদি আপনি আর ডি.ও.ই. সহমত হন। এটা যদি পরিত্যাজ্য না হয় আপনাকে অবশ্যই সিদ্ধান্ত নির্ণয়মূলক অধিবেশনে অংশগ্রহণ করতে হবে, যদিও আপনি দূরভাষের মাধ্যমেও অংশগ্রহণ করতে পারেন। আপনি যদি ডি.ও.ই. তে উপস্থিত না হন বা যোগাযোগ না করেন পুনর্নির্ধারনের জন্য, তাঁরা আপনার শুনানির আবেদন খারিজ করার আবেদন করতে পারে। আপনি শুনানির বিষয় সিদ্ধান্ত নির্ণয়মূলক অধিবেশনে মিটিয়ে নিতে বাধ্য নন। আপনি বিষয়টির **আংশিক মীমাংসাতে**ও রাজি হতে পারেন। আপনি যদি আংশিক মীমাংসায় রাজি হন, মনে রাখবেন আপনাকে কোন চুক্তি পত্রে সাক্ষর করতে হলে তাতে লেখা থাকতে হবে যে মীমাংসাটি শুধুমাত্র আংশিক, এবং আপনি এখনও বাকি বিষয়গুলির জন্য শুনানি চান।

## সিদ্ধান্ত নির্ণয়মূলক চুক্তিপত্র ফর্ম কি?

আপনি যদি আপনার শুনানির আবেদনে তোলা সমস্ত বিষয় বা অংশ বিশেষের মীমাংসা করেন, আপনি ও ডি.ও.ই একটি **সিদ্ধান্ত নির্ণয়মূলক চুক্তিপত্র ফর্মে** স্বাক্ষর করবেন। এই ফর্মটি একটি বাধ্যতামূলক চুক্তি যা আদালতে গ্রহণযোগ্য। এই ফর্মটি মনোযোগ দিয়ে পড়ুন: স্থির-নিশ্চিত হোন আপনি ডি.ও.ই'র সাথে যে চুক্তিতে রাজি হয়েছেন এটা ঠিক তাই বলছে এবং যদি কোন বিষয় অমীমাংসিত থাকে তাকেও ইঙ্গিত করছে। আপনি চুক্তি স্বাক্ষর করার পর **3টি বাণিজ্যিক কার্যদিবস** পাবেন চুক্তি প্রত্যাহার করার জন্য। চুক্তি প্রত্যাহার করার জন্য, ডি.ও.ই কার্যালয়ে যেখানে সিদ্ধান্ত নির্ণয়মূলক সভা হয়েছিল আর নিরপেক্ষ শুনানির কার্যালয়ে একটি চিঠি ফ্যাক্স বা মেইল করুন।

## আমি সিদ্ধান্ত নির্ণয়মূলক অধিবেশনের পর কিভাবে নিরপেক্ষ শুনানি নির্ধারিত করব?

30 দিনের মধ্যে যদি কোন মীমাংসায় পৌঁছানো না যায়, একটি শুনানির দিন, বা একটি প্রাক শুনানি আলোচনা সভা স্থির করা হবে **14 দিনের মধ্যে**। নিরপেক্ষ শুনানির কার্যালয়ের আধিকারিক আপনার সাথে যোগাযোগ করবে শুনানির দিন স্থির করার জন্য। শুনানির দিন স্থির করার জন্য আপনি নিজেও শুনানির কার্যালয়ে ফোন করতে পারেন 718-935-3280 নম্বরে।

# আইনগত প্রতিকারগুলি



আপনি যখন নিরপেক্ষ শুনানির অনুরোধ নথিভুক্ত করেন, এটা জানা খুব গুরুত্বপূর্ণ যে আপনি আপনার শিশুর জন্য কি চান। এটা বলাই যথেষ্ট নয় যে আপনার শিশু যে শিক্ষা গ্রহণ করছে সেটা আপনার পছন্দ নয়; আপনাকে সুনির্দিষ্ট হতে হবে আপনি কী চাইছেন সে বিষয়ে আর আপনি অবশ্যই এটা কেন আপনার শিশুর জন্য যথোপযুক্ত হবে সেটা ব্যাখ্যা করতে সক্ষম হবেন। আইনের ভাষায়, আপনি যা চাইছেন তাকে বলা হয় **প্রতিকার।**
এখানে একটি তালিকা দেওয়া হল যা পিতামাতারা নিরপেক্ষ শুনানির মাধ্যমে চাইতে পারেন:

- **ব্যক্তিগত মূল্যায়ন।** আপনি যদি মনে করেন ডি.ও.ই. কৃত আপনার শিশুর মূল্যায়ন ভুল বা পুঙ্খানুপুঙ্খ নয় আর ডি.ও.ই. একটি স্বাধীন মূল্যায়নের জন্য বরাদ্দ করতে অরাজি।
- **বর্ধিত দর, সম্পর্কিত পরিষেবাগুলি।** যদি ডি.ও.ই. আপনার শিশুর জন্য সম্পর্কিত পরিষেবা সুপারিশ করে, কিন্তু তারা এই পরিষেবা প্রদানে ব্যর্থ হয়, আপনি আবেদন করতে পারেন ডি.ও.ই. একজন ব্যক্তিগত পরিষেবা প্রদানকারী বরাদ্দ করুক যা ডি.ও.ই.'র স্থিরীকৃত দরের চেয়ে বেশি। আপনাকে অ- ডি.ও.ই. পরিষেবা প্রদানকারীকে খুঁজে নিতে হবে।
- **বর্ধিত দর, গৃহশিক্ষক।** অভিভাবকরা গৃহশিক্ষক চাইতে পারেন যখন ডি.ও.ই. এস.ই.টি.এস.এস. প্রদানে ব্যর্থ হয় ও একটি পি-3 চিঠি দেয়, কিন্তু একজন যথোপযুক্ত পরিষেবা প্রদানকারী সরবরাহ করে না। অভিভাবকরা তখনও এই পরিষেবা চাইতে পারেন যখন শিক্ষার ভর্তুকি-যুক্ত পরিষেবা পাওয়া যাচ্ছে না। উভয় ক্ষেত্রেই আপনি ডি.ও.ই.'র স্থিরীকৃত দরের বৃদ্ধি চাইতে পারেন, যা গৃহশিক্ষকতার বাজার দরের চেয়ে কম। আপনাকে পরিষেবা প্রদানকারীকে খুঁজে নিতে হবে।
- **সরকারী স্কুলে প্লেসমেন্ট** আপনার শিশু যদি তার বর্তমান ক্লাসে ভালো ফল না করে আপনি তার অপর কোন ডি.ও.ই. স্কুল বা কার্যক্রমে স্থান পরিবর্তন চাইতে পারেন।
- **বেসরকারী বিশেষ শিক্ষা স্কুল।** অভিভাবকরা ডি.ও.ই.কে বেসরকারী স্কুলের অর্থ বরাদ্দের দাবি করতে পারেন। আপনি যদি তা করতে চান তবে আপনাকে স্কুল খুঁজে নিতে হবে। আরও তথ্যের জন্য 41-42 পৃষ্ঠা দেখুন।
- **ক্ষতিপূরণমূলক পরিষেবা।** আপনার শিশু যদি অতীতে কোন সুপারিশকৃত প্লেসমেন্ট বা পরিষেবা না পেয়ে থাকে, আপনি উপরোক্ত যেকোনো একটি প্রতিকার চাইতে পারেন সেই সময়কালের জন্য যা আপনার শিশু পায়নি। আরও তথ্যের জন্য সামনের পৃষ্ঠা দেখুন।

# “ক্ষতিপূরণমূলক” অথবা “পূরক” পরিষেবাগুলি

আপনার সন্তান যদি শিক্ষা পরিষেবাটি না পেয়ে থাকে যা তার জন্য নির্দেশিত ছিল তার আই.ই.পি তে, বা সে পরিষেবা পায়নি, কিন্তু সঠিকভাবে চিহ্নিত হয়নি একজন শিক্ষার্থী হিসাবে যার প্রতিবন্ধকতা রয়েছে এবং যথোপযুক্ত ভাবে পরিষেবা পায়নি, সে **“ক্ষতিপূরণমূলক”** অথবা **“পূরক” পরিষেবাগুলি** পাওয়ার যোগ্য। “ক্ষতিপূরণমূলক” পরিষেবাগুলি পাওয়ার জন্য, আপনাকে যথাসম্ভব নিরপেক্ষ শুনানির আবেদন করতে হবে।

উদাহরণ: ধরুন আপনার সন্তান বিশেষ ক্লাসে থাকার যোগ্য ছিল, কিন্তু একটিও তাকে দেওয়া হয়নি, আপনি পরিষেবা পাওয়ার চেষ্টা করতে পারেন, যেমন গৃহশিক্ষকতা, যা তাকে অপ্রাপ্ত নির্দেশগুলির অভাব পূরণে করবে।

উদাহরণ: যদি আপনার সন্তানের আই.ই.পি একটি সম্পর্কিত পরিষেবার নির্দেশিকা দেয়, যেমন বাক চিকিৎসা, কিন্তু আপনার সন্তান এটা গ্রহণ করেনি, তাহলে আপনি একটি পূরক পরিষেবা চাইতে পারেন।

উদাহরণ: আপনার সন্তানকে যদি ভুল শ্রেণীভুক্তকরণ করা হয় এবং ভুল বিশেষ শিক্ষা পরিবেশে থাকে তার ফলে, আপনি ক্ষতিপূরণমূলক পরিষেবা আবেদন করতে পারেন সেই হারানো সময়ের অভাব-পূরণের জন্য।

**দ্রষ্টব্য:** আপনার সন্তান অতীতের সময়ের জন্য “ক্ষতিপূরণমূলক” পরিষেবা তো পাবে তার সাথে তার জন্য নির্দেশিত পরিষেবা সামনের দিনের জন্য পূর্ণ মাত্রায় পাবে। যদি ডি.ও.ই টি আপনাকে অভাব-পূরণ ঘন্টা দিতে অস্বীকার করে, আপনি একটি নিরপেক্ষ শুনানির আবেদন নথিভুক্ত করতে পারেন।

## পি-3 চিঠি ও আর.এস.এ সমূহ

ডি.ও.ই টি একটি **পি-3 চিঠি** ইস্যু করতে পারে সেই সব শিক্ষার্থীদের জন্য যারা রিসোর্স রুম পায়নি, যা **বিশেষ শিক্ষার শিক্ষক সহায়তা পরিষেবা (এস.ই.টি.টি.এস)** নামে পরিচিত, বা একটি **সম্পর্কিত পরিষেবা ক্ষমতা প্রদান (আর.এস.এ)** সেই শিক্ষার্থীদের দেওয়া হয় যারা সম্পর্কিত পরিষেবা পায়নি।



যখন আপনি একটি আর.এস.এ বা পি-3 পান, আপনাকে একজন শিক্ষিত পরিষেবা প্রদানকারীকে খুঁজে পেতে হবে যে ডি.ও.ই'র ঘন্টা প্রতি দর গ্রহণে সম্মত হবে। আপনার পরিশ্রমের একটি স্মরণিকা রাখুন। আপনি যদি একজন পরিষেবা প্রদানকারীকে পান, কিন্তু সে পরিষেবা প্রদানকারী ডি.ও.ই'র স্থিরীকৃত হারের থেকে বেশি দর চান, আপনি ডি.ও.ই'র কাছে হার বৃদ্ধির জন্য বলতে পারেন। ডি.ও.ই যদি অস্বীকার করে, তাহলে আপনি বর্ধিত হারে বেতনের জন্য শুনানি নথিভুক্ত করতে পারেন।

# প্রাইভেট স্কুল

ডি.ও.ই তিনটি উপায়ে ব্যক্তিমালিকানাধীন স্কুলের জন্য অর্থ প্রদান করতে পারে যখন এটা প্রতিবন্ধকতাযুক্ত কোন শিক্ষার্থীকে উপযুক্ত সরকারী স্কুলে প্লেসমেন্ট দিতে পারে না:

1. আপনার শিশুর আই.ই.পি. তে বেসরকারী স্কুলের সুপারিশ
2. একটি পি-1, বা নিকারসন চিঠি
3. একটি নিরপেক্ষ শুনানির মাধ্যমে অর্থ প্রদান

## (1) বেসরকারী স্কুলের (এন.পি.এস.) সুপারিশ

আপনার শিশুর আই.ই.পি. দল নির্ধারণ করতে পারে সরকারী স্কুল ব্যবস্থায় আপনার শিশুর জন্য যথোপযুক্ত কার্যক্রম নেই। সেই ক্ষেত্রে তারা এন.পি.এস বা ***"ডেফারাল টু দ্য সেন্ট্রাল বেসড সাপোর্ট টিম"*** (সি.বি.এস.টি) এর জন্য একটি আই.ই.পি কার্যক্রমের সুপারিশ করবে। সি.বি.এস.টি হল একটি ডি.ও.ই কার্যালয় যারা বিশেষ শিক্ষার শিক্ষার্থীদের রাষ্ট্র-স্বীকৃত, ব্যক্তিমালিকানাধীন বিশেষ শিক্ষা স্কুল, এবং বেসরকারী স্কুলের সাথে মানানসই করে তোলে।

যখন একটি শিশুর বিষয় সি.বি.এস.টি-তে পাঠানো হয়, একজন বিষয় কর্মীকে নিযুক্ত করা হয় খুঁজে দেখার জন্য। খুঁজে বার করুন কে আপনার বিষয় কর্মী আর এই ব্যক্তির সাথে যোগাযোগ রাখুন কি ভাবে বিষয়টি এগোচ্ছে তা জানার জন্য। আপনি নিজেই রাষ্ট্র-স্বীকৃত তালিকার স্কুল খুঁজে নিতে চাইতে পারেন খোঁজার গতি বৃদ্ধি করার জন্য। রাষ্ট্র-স্বীকৃত বেসরকারী স্কুলের তালিকা অন-লাইনে পাওয়া যায় http://www.p12.nysed.gov/specialed/privateschools/853-statewide.htm.

এন.পি.এস সুপারিশ কারোর অনুমোদনের উপর নির্ভরশীল নাও হতে পারে, সেটি আই.ই.পি মিটিং হোক বা কোনও মূল্যায়ন। সেই সঙ্গে যখন আই.ই.পি দল সম্মত হবে যে একজন শিক্ষার্থীর এন.পি.এস-এ অংশগ্রহণ করা উচিৎ তখন সি.বি.এস.টি সেই কার্যক্রমের সুপারিশ পরিবর্তন বা প্রত্যাখ্যান করতে পারবে না। আপনার শিশুর যদি তার আই.ই.পি. তে "সি.বি.এস.টি 'র মানিয়ে নেওয়ার" সুপারিশ থাকে, কিন্তু কোন স্কুলে প্লেসমেন্ট না পাওয়া গিয়ে থাকে, এর অর্থ এই হয়না যে সুপারিশ পরিবর্তিত হবে। পরিবর্তে ডি.ও.ই একটি স্বল্পকালীন প্লেসমেন্ট দিতে পারে যতক্ষণ না একটি বেসরকারী স্কুলকে চিহ্নিত করা যাচ্ছে।



# (2) পি-। বা "নিকারসন চিঠি"




**আমি কি করে একটি পি-। চিঠি পাব?**
যখন আপনার শিশুর আই.ই.পি. বিশেষ ক্লাসের সুপারিশ করবে আর ডি.ও.ই. বাধ্যতামূলক সময়ের মধ্যে প্লেসমেন্ট দিতে ব্যর্থ হবে ডি.ও.ই. অবশ্যই আপনাকে একটি পি-।, বা "নিকারসন" চিঠি প্রদান করবে। প্লেসমেন্টের জন্য কি সময় নির্দেশনা ডি.ও.ই. মানতে বাধ্য সে ব্যাপারে আরও বিস্তারিত তথ্যের জন্য ।7 পৃষ্ঠা দেখুন।

**একটি পি-। চিঠি কি করে?**
একটি পি-। চিঠি ডি.ও.ই. কে বাধ্য করে একটি স্কুল বছরে কোন রাষ্ট্র**-স্বীকৃত বেসরকারী স্কুলের (এন.পি.এস.)** বিশেষ শিক্ষার জন্য খরচ বহন করতে যা আপনার শিশুকে গ্রহণ করে।

আপনি যদি একটি পি-। পেয়ে থাকেন, আপনি যোগ্য বেসরকারী স্কুলের একটি তালিকাও পাবেন। পি-। টি ব্যবহার করার জন্য আপনাকে তালিকার মধ্যে থেকে যথোপযুক্ত একটি স্কুল খুঁজে বার করতে হবে যা আপনার শিশুকে গ্রহণ করবে। তালিকায় স্বল্প সংখ্যক স্কুল থাকার কারণে, এই চিঠি পাওয়া আপনাকে নিশ্চয়তা দেয় না যে আপনি আপনার শিশুর জন্য একটি স্কুল খুঁজে পাবেনই। আপনি যদি একটি বেসরকারী স্কুল খুঁজে না পেয়ে থাকেন, ডি.ও.ই. তখনও আপনার শিশুর জন্য উপযুক্ত একটি প্লেসমেন্টের ব্যবস্থা করে দেবে। যদি আপনার পি-। চিঠির একটি বৈধতা-কাল শেষ হওয়ার দিন থাকে, আপনি চিঠিটি তার বৈধতাকাল শেষ হওয়ার পরও ব্যবহার করতে পারবেন যদি ডি.ও.ই. আপনার শিশুর জন্য একটি উপযুক্ত প্লেসমেন্টের ব্যবস্থা না করতে পারে।

আপনার যদি মনে হয় যে আপনি একটি পি-। চিঠি পাওয়ার অধিকারী কিন্তু সেটি না পেয়ে থাকেন তাহলে আপনার স্কুল বা যথাযথ সি.এস.ই, আপনার সুপারিন্টেনডেন্টের অফিসে ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটর বা ডিসট্রিক্ট 75 অফিসে যোগাযোগ করুন। আপনার যদি পি-। চিঠি পেতে অসুবিধা হয় তাহলে অনুগ্রহ করে সহায়তার জন্য (866) 427-6033 নম্বরে আমাদের শিক্ষা হেল্পলাইনে কল করুন।

# (3) একটি নিরপেক্ষ শুনানির মাধ্যমে বেসরকারী স্কুলের খরচ দেওয়া

আপনি যদি প্রমাণ করতে পারেন ডি.ও.ই. আপনার শিশুকে **বিনামূল্যে, যথোপযুক্ত সরকারী শিক্ষা (এফ.এ.পি.ই.)** দিতে ব্যর্থ হয়েছে, আপনি একটি ব্যক্তিমালিকানাধীন দিবস বা থেকে পড়ার স্কুলের শিক্ষার খরচ পেয়ে যেতে পারেন, যার মধ্যে রাষ্ট্র-স্বীকৃত স্কুলগুলির তালিকার বাইরের স্কুলগুলিও অন্তর্ভুক্ত। আপনাকে এটাও প্রমাণ করতে হবে আপনার বেছে নেওয়া স্কুল আপনার শিশুর বিশেষ শিক্ষার প্রয়োজনকে মেটাতে সক্ষম। এইভাবে পড়ানোর খরচ পাওয়ার জন্য, আপনাকে অবশ্যই একটি নিরপেক্ষ শুনানির আবেদন নথিভুক্ত করতে হবে। যেহেতু এগুলি খুব জটিল বিষয়, আপনাকে পরামর্শ দান বা আপনার প্রতিনিধিত্ব করার জন্য একজন আইনজ্ঞ বা উকিল নিয়োগ করতে পরামর্শ দেওয়া হয়ে থাকে।

# ভাগ III:

## সাধারণ আদ্যক্ষরসমূহ

**এ.আই.এস** — অ্যাকাডেমিক ইন্টারভেনশন সার্ভিসেস

**এ.এস.ডি** — অটিজম স্পেকট্রাম ডিজর্ডার

**এ.টি**— অ্যাসিস্টিভ টেকনোলোজি

**বি.আই.পি** — বিহেভিয়র ইন্টারভেনশন প্ল্যান

**সি.বি.এস.টি** — সেন্ট্রাল বেসড সাপোর্ট টিম

**সি.ডি.ও.এস** — কেরিয়ার ডেভেলপমেন্ট অ্যান্ড অকুপেশনাল স্টাডিজ কমেনসমেন্ট ক্রেডেনশিয়াল

**সি.পি.এস.ই** — কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন

**সি.এস.ই** — কমিটি অন স্পেশাল এডুকেশন

**ডি.ও.ই** — ডিপার্টমেন্ট অফ এডুকেশন

**ই.আই**— আর্লি ইন্টারভেনশন

**ই.এল.এল** — ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার

**এফ.এ.পি.ই** — ফ্রি অ্যাপ্রোপ্রিয়েট পাবলিক এডুকেশন

**এফ.বি.এ** — ফাংশনাল বিহেভিয়র অ্যাসেসমেন্টে

**আই.সি.টি** — ইন্টিগ্রেটেড কো-টিচিং

**আই.ডি.ই.এ** — ইন্ডিভিজুয়ালস উইথ ডিজেবিলিটিস এডুকেশন অ্যাক্ট

**আই.ই.পি** — ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম

**এল.ডি** — লার্নিং ডিজেবিলিটি

**এল.আর.ই** — লিস্ট রেস্ট্রিক্টিভ এনভায়রনমেন্ট

**এম.ডি.আর** — ম্যানিফেস্টেশন ডিটারমিনেশন রিভিউ

**এন.পি.এস** — নন পাবলিক স্কুল

**এন.ওয়াই.এস.এ.এ**— নিউ ইয়র্ক স্টেট অল্টারনেট অ্যাসেসমেন্ট

**ও.পি.টি** — অফিস অফ পুপিল ট্রান্সপোর্টেশন

**ও.টি** — অকুপেশনাল থেরাপি

**পি.টি** — ফিজিক্যাল থেরাপি

**আর.এস.এ** — রিলেটেড সার্ভিসেস অথরাইজেশন

**আর.টি.আই**— রেসপন্স টু ইন্টারভেনশন

**এস.এ.সি.সি**— স্কিলস অ্যান্ড অ্যাচিভমেন্ট কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল

**এস.বি.এস.টি** — স্কুল বেসড সাপোর্ট টিম

**SESIS** — বিশেষ শিক্ষা স্টুডেন্ট ইনফরমেশন সিস্টেম

**SETSS** — বিশেষ শিক্ষা গুরু সাপোর্ট সার্ভিসেস

# নিউ ইয়র্ক সিটির পিতামাতাদের জন্য গুরুত্বপূর্ণ নথিপত্র

আপনার এই সমস্ত সংস্থানগুলি আপনার স্কুল ভিত্তিক সহায়তা দল বা স্থানীয় বিশেষ শিক্ষা সংক্রান্ত কমিটি (সি.এস.ই) থেকে পাওয়া উচিৎ। এছাড়াও ডি.ও.ই-র ওয়েবসাইট http://schools.nyc.gov/Academics/SpecialEducation/programs/default এ শিক্ষার্থীদের বিশেষ শিক্ষার চাহিদা পূরণের জন্য বিভিন্ন কার্যক্রম এবং পরিষেবা সংক্রান্ত তথ্য প্রদান করা হয়।

- ***এ শেয়ার্ড পাথ টু সাকসেস: স্কুলে যাওয়ার বয়সী শিশুদের বিশেষ শিক্ষা সম্পর্কে তাদের পরিবারের জন্য একটি গাইড।*** ডি.ও.ই-র এই 10টি ভাষায় উপলব্ধ সর্বাঙ্গীণ গাইডটি এন.`ওয়াই.`সি-র বিশেষ শিক্ষা প্রণালীর বিবরণ প্রদান করে: http://schools.nyc.gov/Academics/SpecialEducation/tellmemore/importantDocuments.htm.
- ***রেগুলেশন অফ দ্য কমিশনার অফ এডুকেশন, পার্ট 200 ও 201***: এই রেগুলেশনগুলি প্রতিবন্ধী শিক্ষার্থীদের স্কুলে শাস্তি প্রদানের ক্ষেত্রে বিধিগত সুরক্ষা কবচ সহ প্রতিবন্ধী শিক্ষার্থীদের প্রতি স্কুল ডিসট্রিক্টের দায়িত্বের বিবরণ প্রদান করে: http://www.p12.nysed.gov/specialed/lawsregs/part200.htm.
- ***প্রসিডিউরাল সেফগার্ডস নোটিস:*** এই নথিটি বিশেষ শিক্ষা প্রণালীতে পিতামাতার অধিকার নিয়ে আলোচনা করে: http://www.p12.nysed.gov/specialed/publications/PSGN-dec2011.pdf.
- ***গাইড টু কোয়ালিটি ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (আই.ই.পি) ডেভেলপমেন্ট অ্যান্ড ইমপ্লিমেন্টেশন:*** http://www.uft.org/files/attachments/iep-guide-feb2010.pdf.
- ***স্পেশাল এডুকেশন সার্ভিসেস অ্যাস পার্ট অফ এ ইউনিফায়েড সার্ভিস ডেলিভারি সিস্টেম ("কন্টিনিউয়াম"):*** এই পুস্তিকাটি নিউ ইয়র্ক সিটির বিশেষ শিক্ষা পরিষেবার "মেনু" ব্যাখ্যা করে: http://schools.nyc.gov/NR/rdonlyres/C7A58626-6637-42E7-AD00-70440820661D/0/ContinuumofServices.pdf.

**নিউ ইয়র্ক সিটিতে শিক্ষা পরিষেবা সম্পর্কে এই নির্দেশিকাটি এবং আনুষঙ্গিক সংস্থানসমূহ আমাদের ওয়েবসাইট www.advocatesforchildren.org. এ উপলব্ধ।**

# প্রতিবন্ধী শিক্ষার্থীদের পরিবারের জন্য অন্যান্য দরকারি ওয়েবসাইট

**দ্য অ্যারাইজ কোয়ালিশন**
http://arisecoalition.org/
এ.এফ.সি পরিচালিত পুরো শহর ব্যাপী জোট যা বিশেষ শিক্ষার সংস্কারের প্রবক্তা।

**সি.এ.ডি.আর.ই: দ্য ন্যাশনাল সেন্টার অন ডিসপুট রেজোলিউশন ইন স্পেশাল এডুকেশন**
http://www.directionservice.org/cadre/index.cfm
যথাযথ প্রক্রিয়া এবং বিশেষ শিক্ষা মধ্যস্থতা সম্পর্কিত তথ্য।

**সেন্টার ফর প্যারেন্ট ইনফরমেশন অ্যান্ড রিসোর্সেস**
http://www.parentcenterhub.org/
প্রতিবন্ধী শিশুদের পরিবারদের সেবা প্রদানের জন্য অভিভাবক কেন্দ্রের জাতীয় হাব

**চাইল্ড মাইন্ড ইন্সটিটিউট**
http://childmind.org/
শিক্ষণ ও আচরণগত সমস্যা এবং মানসিক স্বাস্থ্য সংক্রান্ত তথ্য এবং সংস্থান।

**সেন্টার অন টেকনোলোজি অ্যান্ড ডিজেবিলিটি**
http://ctdinstitute.org/
সহায়ক প্রযুক্তি এবং সুগম শিক্ষামূলক উপকরণ সংক্রান্ত তথ্য এবং সংস্থান।

**লার্নিং ডিজেবিলিটিস অ্যাসোসিয়েশন অফ আমেরিকা (এল.ডি.এ)**
http://ldaamerica.org/parents/
সুনির্দিষ্ট শিক্ষণ প্রতিবন্ধকতা এবং বিশেষ শিক্ষা প্রণালী সংক্রান্ত তথ্য এবং সংস্থান।

**ন্যাশনাল কোলাবোরেটিভ অন ওয়ার্কফোর্স অ্যান্ড ডিজেবিলিটি ফর ইয়ুথ**
http://www.ncwd-youth.info/
জীবিকা এবং প্রাপ্তবয়সে উত্তরণ সংক্রান্ত তথ্য এবং সংস্থান।

**পি.এ.সি.ই.আর সেন্টার**
http://www.pacer.org/
বিশেষ শিক্ষা, প্রাপ্তবয়সে উত্তরণ, দুর্বলকে পীড়ন এবং আরও অনেক কিছু সম্বন্ধে তথ্য এবং সংস্থান।

**রিডিং রকেটস**
http://www.readingrockets.org/
সাক্ষরতা এবং পড়তে সমস্যা হচ্ছে এমন পাঠকদের সহায়তার জন্য তথ্য এবং সংস্থান।

**Understood.org**
http://www.understood.org/
শিক্ষণ এবং মনোযোগ সংক্রান্ত সমস্যা সম্পর্কে সর্বাঙ্গীণ সংস্থান যা বিশেষভাবে পিতামাতাদের জন্য তৈরি করা হয়েছে।

# যোগাযোগের তথ্য:
# ফ্যামিলি ওয়েলকাম সেন্টার

| বরো | পরিষেবিত ডিসট্রিক্ট | ঠিকানা |
|---|---|---|
| BRONX | 7, 9, 10 | 1 Fordham Plaza, 7th Fl.<br>Bronx, NY 10458 |
| | 8, 11, 12 | 1230 Zerega Avenue, Room 24<br>Bronx, NY 10462 |
| BROOKLYN | 17, 18, 22 | 1780 Ocean Avenue, 3rd Fl.<br>Brooklyn, NY 11230 |
| | 20, 21 | 415 89th Street, 5th Fl.<br>Brooklyn, NY 11209 |
| | 19, 23, 32 | 1665 St. Marks Avenue, Room 116<br>Brooklyn, NY 11233 |
| | 13, 14, 15, 16 | 29 Fort Greene Place (BS12)<br>Brooklyn, NY 11217 |
| MANHATTAN | 1, 2, 4 | 333 Seventh Ave., 12th Fl., Room 1211<br>New York, NY 10001 |
| | 3, 5, 6 | 388 West 125th St., 7th Fl., Room 713<br>New York, NY 10027 |
| QUEENS | 24, 30 | 28-11 Queens Plaza North, 3rd Fl.<br>Long Island City, NY 11101 |
| | 25, 26 | 30-48 Linden Place, 2nd Fl.<br>Flushing, NY 11354 |
| | 27, 28, 29 | 90-27 Sutphin Boulevard, 1st Fl.<br>Jamaica, NY 11435 |
| STATEN ISLAND | 31 | 715 Ocean Terrace, Building A<br>Staten Island, NY 10301 |

ফ্যামিলি ওয়েলকাম সেন্টারগুলি সোমবার থেকে শুক্রবার সকাল ৮টা থেকে বিকেল ৩টে পর্যন্ত খোলা থাকে। http://schools.nyc.gov/ChoicesEnrollment/NewStudents/WelcomeCenters/default.htm

# যোগাযোগের তথ্য:
# কমিটি অন স্পেশাল এডুকেশন (সি.এস.ই) কার্যালয়সমূহ

| সি.এস.ই | ডিসট্রিক্ট | ঠিকানা | টেলিফোন/ ফ্যাক্স # | সভাপতি |
|---|---|---|---|---|
| **1** | 7, 9, 10 | 1 Fordham Plaza, 7th Fl.<br>Bronx, NY 10458 | T: (718) 329-8001<br>F: (718) 741-7928/7929 | Steven Birkeland |
| **2** | 8, 11, 12 | 3450 East Tremont Ave., 2nd Fl.<br>Bronx, NY 10465 | T: (718) 794-7420<br>Español: (718) 794-7490<br>F: (718) 794-7445 | Tricia DeVito |
| **3** | 25, 26 | 30-48 Linden Place<br>Flushing, NY 11354 | T: (718) 281-3461<br>F: (718) 281-3478 | Esther Morell |
| | 28, 29 | 90-27 Sutphin Boulevard<br>Jamaica, NY 11435 | T: (718) 557-2553<br>F: (718) 557-2620/2510 | |
| **4** | 24, 30 | 28-11 Queens Plaza N., 5th Fl.<br>Long Island City, NY 11101 | T: (718) 391-8405<br>F: (718) 391-8556 | Chris Cinicola |
| | 27 | 82-01 Rockaway Blvd., 2nd Fl.<br>Ozone Park, NY 11416 | T: (718) 642-5715<br>F: (718) 642-5891 | |
| **5** | 19, 23, 32 | 1665 St. Marks Avenue<br>Brooklyn, NY 11233 | T: (718) 240-3557/3558<br>F: (718) 240-3555 | Geraldine Beauvil |
| **6** | 17, 18, 22 | 5619 Flatlands Avenue<br>Brooklyn, NY 11234 | T: (718) 968-6200<br>F: (718) 968-6253 | Arlene Rosenstock |
| **7** | 20, 21 | 415 89th Street<br>Brooklyn, NY 11209 | T: (718) 759-4900<br>F: (718) 759-4970 | Amine Haddad |
| | 31 | 715 Ocean Terrace, Building A<br>Staten Island, NY 10301 | T: (718) 420-5790<br>F: (718) 420-5787 | |
| **8** | 13, 14, 15, 16 | 131 Livingston Street, 4th Fl.<br>Brooklyn, NY 11201 | T: (718) 935-4900<br>F: (718) 935-5167 | Cherry Kang |
| **9** | 1, 2, 4 | 333 7th Avenue, 4th Fl.<br>New York, NY 10001 | T: (917) 339-1600<br>F: (917) 339-1450 | Nicholas Chavarria |
| **10** | 3, 5, 6 | 388 West 125th Street<br>New York, NY 10027 | T: (212) 342-8300<br>F: (212) 342-8427 | Jane O'Connor |
| **চার্টার স্কুল** | | One Fordham Plaza, 7th Fl.<br>Bronx, NY 10458 | T: (718) 329-8001<br>F: (718) 741-7928/7929 | Mariama Sandi |

## আমাদের মিশন

অ্যাডভোকেটস ফর চিলড্রেন অফ নিউ ইয়র্ক (এ.এফ.সি)-র মিশন হল নিম্ন আয়ের পটভূমি থেকে আসা শিক্ষার্থীদের উপর বিশেষ মনোযোগ সহ নিউ ইয়র্কের সেই সমস্ত শিক্ষার্থীদের জন্য উচ্চ মানের শিক্ষা নিশ্চিত করা যারা শিক্ষাগত সাফল্যের ক্ষেত্রে প্রতিবন্ধকতার সম্মুখীন হচ্ছে। এ.এফ.সি এটি চারটি সুসংহত কৌশলের মাধ্যমে এটি অর্জন করে:

- শিক্ষার্থীদের পরিবারের জন্য বিনামূল্যে পরামর্শ এবং আইনি সহায়তা;
- পিতামাতা, কমিউনিটি এবং শিক্ষক ও অন্যান্য পেশাদারদের বিনামূল্যে প্রশিক্ষণ এবং ওয়ার্কশপের আয়োজন করা যা তাদের শিক্ষার্থীদের প্রবক্তা হতে সাহায্য করবে;
- শিক্ষা প্রণালীর পরিবর্তন এবং শিক্ষার ফলাফল আরও উন্নত করার জন্য নীতির প্রবক্তা হওয়া; এবং
- উচ্চ মানের শিক্ষা পাওয়ার অধিকার রক্ষা করতে এবং শিক্ষার জন্য প্রয়োজনীয় সংস্কার সাধনে বাধ্য করতে ইমপ্যাক্ট লিটিগেশন (একাধিক ব্যক্তির অধিকার রক্ষায় করা মামলা) করা।

**এখনো আরো প্রশ্ন আছে? অনুগ্রহ করে জিল চাইফেটজ এডুকেশন হেল্পলাইনে কল করুন:**

সোমবার থেকে বৃহস্পতিবার
সকাল ১০টা থেকে বিকেল ৪টে
866-427-6033 (টোল ফ্রি)

**Advocates for Children of New York, Inc.**
151 West 30th Street, 5th Floor
New York, NY 10001
Phone • 212-947-9779
Fax • 212-947-9790
info@advocatesforchildren.org
www.advocatesforchildren.org

/advocatesforchildren
@AFCNewYork
@AFCNewYork